**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
উন্নয়ন শাখা
www.rangpur.gov.bd

## রংপুর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির আগস্ট ২০২৬ মাসের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোহাম্মদ রুহুল আমিন**<br>জেলা প্রশাসক, রংপুর। |
| তারিখ ও সময় | : | ১৬/০৮/২০২৬, সকাল-১০.৩০ টা। |
| সভার স্থান | : | জেলা প্রশাসক, রংপুর এঁর সম্মেলন কক্ষ। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোছাঃ রোকসানা বেগম, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), রংপুর সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:**<br>জুলাই ২০২৬ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। | কার্যবিবরণীতে কোন পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা সংযোজন প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), রংপুর |

### ০১. কৃষি, উৎপাদন, খাদ্য নিরাপত্তা, কৃষিপণ্য রপ্তানি সংশ্লিষ্ট দপ্তরভিত্তিক আলোচনাঃ
### (এসডিজি গোল ২, ৩, ১৫ এবং টার্গেট ৩৯+১)

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর:<br>
উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর জানান-<br>
ফসল আবাদ কর্মসূচির মাধ্যমে (১১/০৮/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত)<br>
<table>
<tr><th>ফসলের নাম</th><th>আবাদের লক্ষ্যমাত্রা (হে.)</th><th>উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন)</th><th>আবাদের অর্জিতমাত্রা (হে.)</th><th>উৎপাদন চাল (মে.টন)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td colspan="3">ফসল আবাদ : রবি মৌসুম</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>রোপা আমন</td><td>১৬৬৯৫০</td><td>৫৪৮৮৬১</td><td>১৪৩৫৭৫</td><td></td><td rowspan="4">খরিপ-মৌসুমের আমন রোপন ও অন্যান্য ফসল আবাদ চলমান</td></tr>
<tr><td>আউশ আবাদ</td><td>২৪৯০০</td><td>৭৯৪৩৩ টন</td><td>২৩০৫০</td><td></td></tr>
<tr><td>শাকসবজি</td><td>৬২৫০</td><td>১২৩৭৫০</td><td>৬২৫৫</td><td></td></tr>
<tr><td>মাসকালাই</td><td>৩৫০</td><td>৪৫৫</td><td>২০০</td><td></td></tr>
</table>
খ) <u>রাসায়নিক সার মজুদ : (১১.০৮.২০২৬ খ্রি.)</u><br>
ডিলারের নিকট ইউরিয়া- ৩০২২ মে. টন, টিএসপি- ৮৫১ মে. টন, ডিএপি- ৮১৯ মে. টন এবং এমওপি- ৪০২৬ মে. টন মজুদ আছে। বাফার গুদামে ইউরিয়া মজুদ আছে - ৬০০০ মে. টন। বিএডিসি'র গুদামে মজুদ আছে টিএসপি- ৬৯১২ মে.টন, ডিএপি- ৬২২৪ মে. টন ও এমওপি- ৫৭৩২ মে. টন।<br>
২০২৫-২০২৬ অর্থবছরে ৬৮ টি মোবাইল পরিচালনা করা হয় এবং ১১১২৬০০ টাকা জরিমানা করা হয়।<br>
২০২৬-২৭ অর্থবছরে ৩ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয় এবং ২৬০০০ টাকা জরিমানা করা হয়।<br>
চলতি অর্থবছরে জুন ২৬ মাস পর্যন্ত পরীক্ষার নিমিত্ত মোট ২৮১ টি ভেজাল সারের নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে।<br>
সরকারী নির্ধারিত মূল্যে সার বিক্রয় ও মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে।<br>
গ.প্রণোদনা কর্মসূচি : ২০২৫-২৬ অর্থবছরে রংপুর জেলায় সর্বমোট ১৭ (সতেরো) টি প্রণোদনা কর্মসূচির বরাদ্দ পাওয়া গেছে। মেট্রোপলিটন সহ উপজেলাভিত্তিক বরাদ্দ প্রদানের মাধ্যমে উক্ত প্রণোদনা কর্মসূচি সমূহ বাস্তবায়ন করা হচ্ছে। রংপুর জেলায় ১১৫৯১১ জন কৃষককে প্রণোদনা কর্মসূচির আওতায় আনা হয়েছে।<br>
ঘ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন প্রকল্প : কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের আওতায় প্রদর্শনী সহ অন্যান্য
</td><td>
১। রংপুর জেলার আবাদি জমিতে কৃষকগণের প্রয়োজনের তুলনায় অতিরিক্ত সার প্রয়োগ না করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
২। রংপুর জেলায় সারের চাহিদার বিপরীতে পর্যাপ্ত মজুদ পরিস্থিতি নিয়মিত মনিটরিং করা এবং মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৩। রংপুর জেলায় অবস্থিত সকল পতিত জমি চাষাবাদের আওতায় আনতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৪। রংপুর জেলার কৃষকদের ন্যায্যমূল্যে সার ও বীজ প্রাপ্তি নিশ্চিত করতে খুচরা ব্যবসায়ীদের সার ও বীজের দাম নির্ধারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৫। স্থাপিত সোলারের অধীনে অনেক জমি পতিত থেকে যাচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৬। উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয় করে নিষিদ্ধ গাছের চারা ধ্বংস করার উদ্দেশ্যে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৭। বেসরকারি পর্যায়ে বীজ প্রাপ্তির সময় কৃষককের তথ্য (নাম, মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি) নিবন্ধন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৮। রংপুর জেলার কৃষকদের কাজের সুবিধার্থে কৃষি উপকরণ প্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৯। সভাপতি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
১০। রংপুর জেলায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
</td><td>
১। উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রংপুর<br>
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর<br>
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক রংপুর<br>
৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ধান গবেষণা ইনিস্টিটিউট, রংপুর<br>
৫। জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর
</td></tr>
</table>

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | কার্যক্রম চলমান রয়েছে। প্রদর্শনী বাস্তবায়নের ফলে কৃষকগণ আধুনিক প্রযুক্তি সম্পর্কে জ্ঞান অর্জন করে লাভবান হচ্ছেন।<br><br>ঙ) কৃষক কার্ড প্রদান : মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী ইশতেহার মোতাবেক কৃষক কার্ড প্রদানের লক্ষ্যে মাঠপর্যায়ে জেলার ৮ (আট) টি উপজেলার ১ (এক) টি করে ব্লকে (মোট ৮ টি ব্লকে) তথ্য সংগ্রহের কাজ ১৫/০৭/২০২৬ খ্রি. তারিখ থেকে শুরু হয়েছে। পর্যায়ক্রমে এ কাজ সকল ব্লকে সম্পন্ন করা হবে।<br><br>ক) সভাপতি রংপুর জেলার আলু চাষীদের স্বার্থ রক্ষা করা এবং আলু সংরক্ষণের ক্ষেত্রে হিমাগারগুলোতে ভাড়া যৌক্তিক পর্যায়ে রাখার বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর এবং সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি রংপুর জেলার আবাদি জমিতে কৃষকগণের প্রয়োজনের তুলনায় অতিরিক্ত সার প্রয়োগ না করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>গ) রংপুর জেলায় সারের চাহিদার বিপরীতে পর্যাপ্ত মজুদ পরিস্থিতি নিয়মিত মনিটরিং করা এবং মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>ঘ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত সকল পতিত জমি চাষাবাদের আওতায় আনতে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুরসহ সংশ্লিষ্ট সকল-কে নির্দেশনা প্রদান করেন।<br>ঙ) সভাপতি রংপুর জেলার কৃষকদের ন্যায্যমূল্যে সার ও বীজ প্রাপ্তি নিশ্চিত করতে খুচরা ব্যবসায়ীদের সার ও বীজের দাম নির্ধারণের বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>চ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত আবাদি জমির সেচ কাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর, জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>ছ) সভাপতি, দুই ফসলী জমিগুলো তিন ফসলী জমিতে রূপান্তর এবং তিন ফসলী জমিগুলো চার ফসলী জমিতে রূপান্তরে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>জ) সভাপতি, সরকারি প্রণোদনা প্রদানের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে ডাটাবেজ তৈরির জন্য নির্দেশনা প্রদান করেন এবং উপজেলা নির্বাহী অফিসারগণ তদারকি এবং সমন্বয় করবেন। | কর্তৃক যে সকল প্রকল্পসমূহ মাঠ পর্যায়ে চলমান সে সকল প্রকল্পসমূহ সঠিকভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১১। রংপুর জেলায় অবস্থিত আবাদি জমির সেচ কাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১২। দুই ফসলী জমিগুলো তিন ফসলী জমিতে রূপান্তর এবং তিন ফসলী জমিগুলো চার ফসলী জমিতে রূপান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১৩। প্রকৃত কৃষকদের মাঝে কৃষি ঋণ বিতরণ এবং কৃষি ঋণ বিতরণের বিস্তারিত তথ্য এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>১৪। রংপুর জেলায় বিভিন্ন ফসলের বীজের বরাদ্দ প্রাপ্তি, বিক্রি ও স্থিতি কার্যক্রম অব্যাহত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১৫। কোন ডিলার সার বিতরণের ক্ষেত্রে অনিয়ম করলে তার ডিলারশীপ বাতিল করতে হবে।<br>১৬। স্বল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি পরিকল্পনা এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | |
| ০২ | **জেলা প্রাণিসম্পদ অফিস, রংপুর:**<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর পক্ষে জানানো হয়,<br>২০২৬-২৭ অর্থবছরের জুলাই/২০২৬ খ্রি.মাসের উল্লেখযোগ্য উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য:<br><br>০১। প্রাণিসম্পদের উৎপাদন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে জেলা প্রাণিসম্পদ দপ্তর,রংপুর এর আওতায় জুলাই,২০২৬ খ্রি.মাসে ৬৮৩২ টি গবাদিপশুকে কৃত্রিম প্রজনন করানো হয়। যেখানে উৎপাদিত বাছুরের সংখ্যা **৩৩০১** টি।<br>০২। খাদ্য নিরাপত্তা ও গবাদিপশু-পাখির স্বাস্থ্য সুরক্ষায় জুলাই,২০২৬ খ্রি.মাসে ১৩১০৫৮ মাত্রার টিকা প্রদান করা হয়।<br>০৩। গবাদিপশু-পাখির স্বাস্থ্য সুরক্ষায় জুলাই,২০২৬ খ্রি.**১১৪০৯১** টি পশু-পাখির চিকিৎসা প্রদান করা হয়।<br>০৪। নিরাপদ খাদ্য উৎপাদন নিরাপদ খামার স্থাপন ও বেকার সমস্যার সমাধানে গত জুলাই,২০২৬ খ্রি. মাসে **১০** জন খামারীকে এবং ১ জন মাংস প্রক্রিয়াজাতকারীকে (কসাই) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>০৫। গবাদিপশু-পাখির নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে জুলাই,২০২৬ খ্রি. মাসে **০** টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।<br>লাম্পিস্কিন ডিজিজ (LSD) ও তড়কা রোগ সংক্রান্ত জন সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা, কর্মচারী এবং খামারীদের সমন্বয়ে এবং জন প্রতিনিধিগণের উপস্থিতিতে জুলাই,২০২৬ খ্রি.মাসে ৪৭ টি সচেতনতা সভা, ০ টি লিফলেট বিতরণ এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। | ১। রংপুর জেলায় অ্যানথ্রাক্স আক্রান্ত রোগীর বাসায় গিয়ে গৃহপালিত গরুর (যদি থাকে) স্বাস্থ্য পরীক্ষা করার বিষয়ে এবং অ্যানথ্রাক্স রোগ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করাসহ অ্যানথ্রাক্স রোগ প্রতিরোধের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। রংপুর জেলায় ভেজালমুক্ত নিরাপদ পণ্য প্রাণিজ আমিষ উৎপাদন ও বাজারজাতকরণের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>৩। রংপুর চিড়িয়াখানার অতিরিক্ত হরিণ এবং গাধা বাংলাদেশের বিভিন্ন স্থানে সংরক্ষণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। লাম্পিস্কিন ডিজিজ (LSD) সংক্রান্ত জন সচেতনতা বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। রংপুর জেলায় জলাতংক রোগ নিরাময়ে জনসচেতনা বৃদ্ধি করা এবং কুকুরকে ভ্যাকসিন প্রদানে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের | ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর<br>২। সিভিল সার্জন, রংপুর<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | বিবরণ | লক্ষ্যমাত্রা | জুলাই ২০২৬ এর কার্যক্রম | ক্রমপুঞ্জিত অগ্রগতি | অগ্রগতি রহার (%) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৫ | | | | |
| ০১ | বিভাগীয় কার্যক্রম নিয়ে আলোচনা | সম্প্রসারণমূলক কার্যক্রম এবং মাঠপর্যায়ে জনসচেতনতা বৃদ্ধি, টিকাপ্রদান, চিকিৎসা সেবাসহ অন্যান্য বিষয় নিয়েবিস্তারিত আলোচনা | গবাদিপশু ও হাঁস-মুরগির টিকা প্রদান | ৬০৮১০০০ | ১৩১০৫৮ | ১৩১০৫৮ | ২.১৬ |
| | | | গবাদিপশু ও হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | ১২৭০০০০ | ১১৪০৯১ | ১১৪০৯১ | ৮.৯৮ |
| | | | কৃত্রিম প্রজনন (তরল ও হিমায়িত সিমেন) | ১২৯৫০০ | ৬৮৩২ | ৬৮৩২ | ৫.২৮ |
| | | | সংকরজাতের গবাদিপশুর বাছুরের সংখ্যা | ৫১৮০০ | ৩৩০১ | ৩৩০১ | ৬.৩৭ |
| | | | খামারী প্রশিক্ষণ | ৪৫০ | ১০ | ১০ | ২.২২ |
| | | | নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে মোবাইল কোট | ২৭ | ০ | ০ | ০.০০ |
| | | | কোরবানী, এলএসডি ও তড়কা রোগের লিফলেট বিতরণ : | | ০ | ০ | ০ |
| ০২ | প্রাণিজ উৎপাদন | প্রাণিজউৎপাদন সংক্রান্ত বিস্তারিত আলোচনা | দুধউৎপাদন (লক্ষমেট্রিকটন) | ২.২৯ | ০.২১১৮৪২৩ | ০.২১১৮৪২৩ | ৯.২৫ |
| | | | মাংসউৎপাদন (লক্ষমেট্রিকটন) | ১.৯৪ | ০.১৩০৮৮৭১ | ০.১৩০৮৮৭১ | ৬.৭৫ |
| | | | ডিম উৎপাদন (কোটি) | ৪৬.২২ | ৩.৮২৯৪ | ৩.৮২৯৪ | ৮.২৯ |

**প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় জেলা প্রাণিসম্পদ দপ্তর, রংপুরের গুরুত্বপূর্ণ ০৯টি প্রকল্প চলমান রয়েছে যাহা নিম্নরূপ:**

| ক্র নং | গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ | মন্তব্য |
|---|---|---|
| ১ | প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | চলমান |
| ২ | পিপিআর নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প , প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | চলমান |
| ৩ | সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির প্রাণিসম্পদ উন্নয়ণ প্রকল্প , প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | চলমান |
| ৪ | অধিদপ্তরের সক্ষমতা জোরদারকণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | চলমান |
| ৫ | মহিষ উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | চলমান |
| ৬ | কৃত্রিম প্রজনন ও ভ্রূণ স্থানান্তর প্রকল্প (৩য় পর্যায়), প্র প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | চলমান |
| ৭ | প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তাবায়নাধীন দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধির লক্ষে প্রুভেন বুল তৈরী শীর্ষক প্রকল্প | চলমান |

ক) সভাপতি রংপুর জেলায় অ্যানথ্রাক্স আক্রান্ত রোগীর বাসায় গিয়ে গৃহপালিত গরুর (যদি থাকে) স্বাস্থ্য পরীক্ষা করার বিষয়ে এবং অ্যানথ্রাক্স রোগ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা সহ অ্যানথ্রাক্স রোগ প্রতিরোধের বিষয়ে সিভিল সার্জন, রংপুর, প্রাণিসম্পদ অফিসার, রংপুর সহ উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

খ) সভাপতি রংপুর জেলায় ভেজালমুক্ত নিরাপদ পণ্য প্রাণিজ আমিষ উৎপাদন ও বাজারজাতকরণের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে প্রাণিসম্পদ অফিসার, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

গ) সভাপতি লাম্পিস্কিন ডিজিজ (LSD) সংক্রান্ত জন সচেতনতা বৃদ্ধির বিষয়ে জেলা প্রাণিসম্পদ অফিসার, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৬। জেলা প্রাণিসম্পদ অফিস, রংপুর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত সকল প্রশিক্ষণার্থীকে ক্ষেত্রভিত্তিক সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। রংপুর জেলায় অবস্থিত পশু খামারীর তালিকা প্রস্তুত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৮। প্রণোদনা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

০৯। রংপুর জেলার প্রতিটি উপজেলায় আদর্শ ভেড়া খামারী নির্ধারণ করার পর তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০। পশুরোগ আইন, ২০০৫, মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন, ২০১১-এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।

১১। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | ঘ) সভাপতি রংপুর জেলায় জলাতংক রোগ নিরাময়ে জনসচেতনা বৃদ্ধি করা এবং কুকুরকে ভ্যাকসিন প্রদানে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের বিষয়ে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর, প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, সিভিল সার্জন, রংপুর সহ উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | | |
| ০৩ | **জেলা মৎস্য অফিস, রংপুর:**<br>জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর জানান,<br><br>জেলার ০৮ টি উপজেলায় সচেতনতা সভা- ০৬ টি, হাট-বাজার পরিদর্শন- ১৩ বার, অভিযান- ১০ টি ও মোবাইল- কোর্ট- ৯ টি (রংপুর সদর, পীরগঞ্জ,পীরগাছা,গংগাচড়া, কাউনিয়া, বদরগঞ্জ, তারাগঞ্জ)পরিচালনা করা হয়।<br>আফ্রিকান মাগুর ২০ কেজি জব্দ করা হয়। কারেন্ট জাল ৫৭৫১ মিটার ও চায়না দুয়ারী জাল ৩৩৩৮ মিটার জব্দ করা হয় (জরিমানা ১৯০০০ টাকা)।<br>অত্র জেলায় সরকারি ও বে-সরকারি জলাশয়ে নিরাপদ মৎস্য উৎপাদনের কার্যক্রম চলমান আছে।<br>অত্র জেলায় ০৮ টি উপজেলা ও ০২ টি মৎস্যবীজ উৎপাদন খামারে চলতি মাসে ২০০ জন মৎস্য চাষিকে আধুনিক পদ্ধতিতে নিবিড়ভাবে মাছচাষের পরামর্শ প্রদান করা হয়েছে।<br>অত্র জেলায় ২৫ টি মৎস্য হ্যাচারীতে বিভিন্ন জাতের মাছের রেণু উৎপাদন কার্যক্রম চলমান আছে।<br>অত্র জেলায় ০৫ টি মৎস্য খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে মাছের খাদ্য হিসেবে মোট ৬৭৪.০০ মে.টন ভাসমান ও ডুবন্ত খাদ্য উৎপাদিত হয়েছে এবং মৎস্য খাদ্য উৎপাদন কার্যক্রম চলমান আছে।<br>অত্র জেলায় মৎস্য খাদ্য খুচরা ও পাইকারী বিক্রেতার ৬১ টি প্রতিষ্ঠান রয়েছে। উক্ত প্রতিষ্ঠান সমূহের তদারকি কার্যক্রম নিয়মিত চলমান রয়েছে।<br>অত্র জেলায় ১০ টি মৎস্য অভয়াশ্রম মেরামতের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ০৬ টি উপজেলায় মেরামতকৃত অভয়াশ্রম IP ক্যামেরা দ্বারা মনিটরিং করা হচ্ছে।<br>অত্র জেলায় ২১ টি বিল নার্সারিতে ৪২ কেজি রেণু মজুদ করে ৬০-৭০ দিন লালন-পালন করে ৪২.৩ মেট্রিক টন মাছের পোনা সংশ্লিষ্ট বিল সমূহে অবমুক্ত করা হয়েছে।<br>ক) সভাপতি রংপুর জেলার পুকুর, নদী ও অন্যান্য জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করার বিষয়ে জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর-কে নিদের্শনা প্রদান করেন।<br>খ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত মাছের অভয়াশ্রমসমূহ মেরামত/সংস্কারের জন্য প্রদত্ত বরাদ্দ বৃদ্ধি করার বিষয়ে এবং মাছের অভয়াশ্রমসমূহে IP ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তির বিষয়ে জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>গ) সভাপতি জাতীয় সম্পদ জাটকা রক্ষার্থে জাটকা সংরক্ষণের সকল আড়ত/বাজারে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা অব্যাহত রাখতে জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>ঘ) রংপুর জেলার পীরগঞ্জ উপজেলায় মাছের অভয়াশ্রমের সক্ষমতা বজায় রাখার জন্য অভয়াশ্রমের গভীরতা যথার্থ রাখার বিষয়ে জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর ও উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br><br>ঙ) সভাপতি রংপুর জেলায় নতুন মৎস্য হ্যাচারি উদ্যোক্তা তৈরির মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধির বিষয়ে জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>চ) চায়না জাল/ফিক্সড জাল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে এবং ইলেক্ট্রোফিশিং প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। রংপুর জেলার পুকুর, নদী ও অন্যান্য জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। রংপুর জেলায় অবস্থিত মাছের অভয়াশ্রমসমূহ মেরামত/সংস্কারের জন্য প্রদত্ত বরাদ্দ বৃদ্ধি করার বিষয়ে এবং মাছের অভয়াশ্রমসমূহে IP ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। জাতীয় সম্পদ জাটকা রক্ষার্থে জাটকা সংরক্ষণের সকল আড়ত/বাজারে মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>৪। মৎস্য সংরক্ষণ আইন সম্পর্কে সকলকে সচেতন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। রংপুর জেলার বদরগঞ্জ উপজেলায় অবস্থিত মাছের অভয়াশ্রম IP ক্যামেরা দ্বারা মনিটরিং করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। রংপুর জেলার পীরগঞ্জ উপজেলায় মাছের অভয়াশ্রমের সক্ষমতা বজায় রাখার জন্য অভয়াশ্রমের গভীরতা যথার্থ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৭। রংপুর জেলায় নতুন মৎস্য হ্যাচারি উদ্যোক্তা তৈরির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৮। চায়না জাল/ফিক্সড জাল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>৯। ইলেক্ট্রোফিশিং প্রতিরোধে পুলিশ বিভাগের সহায়তায় কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১০। স্বল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | ১। জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর<br>২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr>
<td>০৪</td>
<td>
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর:<br>
জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর জানান, বোরো সংগ্রহ, ২০২৬ মৌসুমে ধান ১৪,০৪৯ মে.টন, সিদ্ধ চাল ২৯৬৯৫ মে.টন, আতপ চাল ৪৫৬ মে.টন ও গমের ৩১৬ মে.টন লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। এখন পর্যন্ত সংগ্রহ হয়েছে ধান ১৬৪২০.৯২০ মে.টন, সিদ্ধ চাল ২৮১৩০.০৮০ মে.টন, আতপ চাল ৪১৩.৮২০ মে.টন ও গমের ০০ মে.টন। সংগ্রহের সময়সীমা ৩১/০৮/২০২৬ খ্রি. পর্যন্ত।<br><br>
জেলায় সর্বমোট ২৪৫৯৩.৪১৯ মে.টন চাল, ১৬০৩.৭৭৮ মে.টন ধান ও ৪৩১.১৯৭ মে. টন গম মজুত আছে। মজুত পরিস্থিতি সন্তোষজনক।<br><br>
৮টি ট্রাকে রংপুর মহানগরে দৈনিক ১.০০০ মে.টন করে ৮.০০০ মে.টন চাল ও দৈনিক ১.০০০ মে.টন করে আটা প্রতিদিন (শুক্রবার ও শনিবার বাদে) ৮.০০০ মে.টন আটা এবং ২৫ টি দোকানে দৈনিক ১.০০০ মে.টন করে ২৫.০০০ মে.টন চাল ও দৈনিক ১.০০০ মে.টন করে আটা প্রতিদিন (শুক্রবার ও শনিবার বাদে) ২৫.০০০ মে.টন আটা সর্বমোট দৈনিক ৩৩.০০০ মে.টন চাল ও ৩৩.০০০ মে.টন আটা বিক্রয় চলমান আছে। একজন ভোক্তা সর্বোচ্চ ৫(পাঁচ) কেজি চাল ও ৫(পাঁচ) কেজি আটা ক্রয় করতে পারেন। ভোক্তা পর্যায়ে প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ৩০/-(ত্রিশ) টাকা ও আটার বিক্রয় মূল্য ২৪/-(চব্বিশ) টাকা। উল্লেখ্য যে, নতুন ওএমএস ডিলার ৩৪ জন নিয়োগ দেয়া হয়েছে।<br>
প্রথম পর্যায়: (আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর); চলতি আগস্ট মাস হতে ১ম পর্যায়ে খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় রংপুর জেলায় ১৪৯৯৫২ জন ভোক্তার নিকট প্রতি কেজি চাল ১৫ (পনেরো) টাকা দরে প্রতিমাসে ৩০ (ত্রিশ) কেজি করে চাল বিক্রয় করা হয়। (তারাগঞ্জ, পীরগঞ্জ ও কাউনিয়া উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচীতে ভোক্তাদের মাঝে পুষ্টি চাল বিতরণ করা হবে।<br><br>
<table>
<tr><th>ক্র: নং</th><th>উপজেলার নাম</th><th>ভোক্তার সংখ্যা</th><th>বরাদ্দের পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>রংপুর সদর</td><td>৯৪২০</td><td>২৮২.৬০০</td></tr>
<tr><td>২</td><td>বদরগঞ্জ</td><td>২০৮০০</td><td>৬২৪.০০০</td></tr>
<tr><td>৩</td><td>মিঠাপুকুর</td><td>৩০১৬৫</td><td>৯০৪.৯৫০</td></tr>
<tr><td>৪</td><td>পীরগঞ্জ</td><td>২৪৯৬৩</td><td>৭৪৮.৮৯০</td></tr>
<tr><td>৫</td><td>তারাগঞ্জ</td><td>১০২৫২</td><td>৩০৭.৫৬০</td></tr>
<tr><td>৬</td><td>গংগাচড়া</td><td>১৯৩৭৫</td><td>৫৮১.২৫০</td></tr>
<tr><td>৭</td><td>কাউনিয়া</td><td>১৪০৫৭</td><td>৪২১.৭১০</td></tr>
<tr><td>৮</td><td>পীরগাছা</td><td>২০৯২০</td><td>৬২৭.৬০০</td></tr>
<tr><td></td><td>সর্বমোট=</td><td>১৪৯৯৫২</td><td>৪৪৯৮.৫৬০</td></tr>
</table>
চালের বর্তমান বাজার মূল্য (প্রতি কেজি); মোটা চাল (পাইকারী): ৪৩.০০-৪৪.০০ টাকা; মোটা চাল (খুচরা) ৪৫.০০- ৪৬.০০ টাকা; ধান মোটা (প্রতিকেজি); ৩১-৩২.০০ টাকা; গম (প্রতিকেজি): ৩৫-৩৭ টাকা; আটা (খোলা): ৩৫.০০-৪০.০০ টাকা; আটা (প্যাকেট): ৫০.০০- ৫৫.০০ টাকা।<br>
ক) সভাপতি রংপুর জেলায় মৌসুম শুরু হওয়ার পূর্বেই প্রস্তুতি গ্রহণের জন্য আহ্বান জানান।<br>
খ) সভাপতি রংপুর জেলায় ওএমএস এর চাল যেন মান সম্মত হয় সেদিকে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধি সহ ওএমএস ডিলার নিয়োগ কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের মত ব্যক্ত করেন।<br>
গ) এছাড়াও রংপুর জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান ও চাল সংগ্রহের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।
</td>
<td>
১। মৌসুম শুরু হওয়ার পূর্বেই প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>
২। রংপুর জেলায় ওএমএস এর চাল যেন মান সম্মত হয় সেদিকে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধি সহ ওএমএস ডিলার নিয়োগ কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৩। রংপুর জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান ও চাল সংগ্রহের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৪। ধান ও চাল সংগ্রহের সময় কৃষকের ন্যায্য দাবি প্রাপ্তি নিশ্চিত করার বিষয়ে এবং কৃষকেরা যেন হয়রানির স্বীকার না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৫। রংপুর জেলার খাদ্য গুদামসমূহে রেজিস্টার অনুযায়ী হালনাগাদ রিপোর্ট এ কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৬। ওএমএস পয়েন্টগুলোতে মোবাইল কোর্টের অভিযান পরিচালনা এবং মনিটরিং জোরদার করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৭। অবৈধ খাদ্য মজুদকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৮। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।
</td>
<td>জেলা খাদ্য নিয়ন্ত্রক রংপুর</td>
</tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr>
<td>০৫</td>
<td>
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর :<br>
সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর জানান,<br>
জুলাই/২৬ মাসে মূল্য তালিকা প্রদর্শন না করা, পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ, অধিক মূল্যে পণ্য বিক্রয়, ক্রয় বিক্রয়ে রশিদ সংরক্ষণ ও প্রদান না করা ইত্যাদি কারণে রংপুর জেলার নিম্নবর্ণিত স্থানসমূহে অভিযান পরিচালনা করা হয়।<br>
<table>
<tr><th>ক্রম</th><th>তারিখ</th><th>অভিযানের স্থান</th><th>দন্ডিত প্রতিষ্ঠান</th><th>ধারা</th><th>জরিমানা</th></tr>
<tr><td>১</td><td>০১/০৭/২৬</td><td>পীরগাছা, রংপুর</td><td>০২</td><td>৪২,৪৫</td><td>৮,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>০২/০৭/২৬</td><td>তাজহাট, রংপুর</td><td>০১</td><td>৪৩</td><td>১০,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>০৫/০৭/২৬</td><td>হারাগাছ, রংপুর</td><td>০২</td><td>৩৭,৪২</td><td>৬,৫০০/-</td></tr>
<tr><td>৪</td><td>০৬/০৭/২৬</td><td>তারাগঞ্জ, রংপুর</td><td>০২</td><td>৩৮,৪৩ ৪৫</td><td>৮,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>০৮/০৭/২৬</td><td>বদরগঞ্জ, রংপুর</td><td>০৩</td><td>৫১</td><td>১১,০০০/-</td></tr>
<tr><td>৬</td><td>১২/০৭/২৬</td><td>কোতয়ালি ,রংপুর</td><td>০২</td><td>৪৫,৫১</td><td>১৪,০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>১৩/০৭/২৬</td><td>সদর,রংপুর</td><td>০২</td><td>৩৭,৪৫ ৫১</td><td>১২,০০০/-</td></tr>
<tr><td>৮</td><td>১৪/০৭/২৬</td><td>হারাগাছ, রংপুর</td><td>০৩</td><td>৩৭,৪৫</td><td>৫,৫০০/-</td></tr>
<tr><td>৯</td><td>১৬/০৭/২৬</td><td>গঙ্গাচড়া, রংপুর</td><td>০২</td><td>৩৭,৪৩</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>২০/০৭/২৬</td><td>কোতয়ালি ,রংপুর</td><td>০২</td><td>৩৭,৪৫</td><td>৬,০০০/-</td></tr>
<tr><td>১১</td><td>২১/০৭/২৬</td><td>মিঠাপুকুর, রংপুর</td><td>০১</td><td>৪৫,৫১</td><td>৬,০০০/-</td></tr>
<tr><td>১২</td><td>২৩/০৭/২৬</td><td>কোতয়ালি ,রংপুর</td><td>০১</td><td>৪৩</td><td>১০,০০০/-</td></tr>
</table>
মোট= ১২৭,০০০/- (এক লক্ষ সাতাশ হাজার টাকা মাত্র), মোট প্রতিষ্ঠান ২৪টি<br><br>
জুলাই মাস শেষে অভিযোগ প্রাপ্তি (১+৭)=৮টি নিষ্পত্তি ৭টি ও অনিস্পন্ন অভিযোগের সংখ্যা ০১টি।<br><br>
ক) সভাপতি রংপুর জেলায় মান সম্মত শিশু খাদ্য প্রাপ্তি নিশ্চিতে সহকারী পরিচালক,জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষনের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>
খ) সভাপতি রংপুর জেলার সংশ্লিষ্ট নির্বাহী ম্যাজিস্ট্রেটগণের সাথে সমন্বয় করে ভোক্তা অধিদপ্তরের মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>
গ) সভাপতি রংপুর জেলার শিশুদের মান-সম্মত খাবার প্রাপ্তির নিশ্চিত করার বিষয়ে নিরাপদ খাদ্য অফিসার, রংপুর, উপপরিচালক, বিএসটিআই, রংপুর এবং সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুরকে নির্দেশনা প্রদান করেন।<br>
ঘ) সভাপতি রংপুর জেলায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে জনগণকে সচেতন করার বিষয়ে সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুরকে নির্দেশনা প্রদান করেন।<br>
ঙ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত ভেজাল দুধ, মধু, গুড় উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান/কারখানার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা (অর্থদন্ড এবং কারাদন্ড) গ্রহণের বিষয়ে নিরাপদ খাদ্য অফিসার, রংপুর, উপপরিচালক, বিএসটিআই, রংপুর এবং সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুরকে নির্দেশনা প্রদান করেন।
</td>
<td>
১। রংপুর জেলার শিশুদের মান-সম্মত খাবার প্রাপ্তির নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
২। রংপুর জেলায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে জনগণকে সচেতন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৩। রংপুর জেলায় অবস্থিত ভেজাল দুধ, মধু, গুড় উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান/কারখানার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা (অর্থদন্ড এবং কারাদন্ড) গ্রহণ করতে হবে।<br>
৪। যথাসময়ে অভিযোগ নিষ্পত্তি এবং বিনা অপরাধে কোন ব্যবসা প্রতিষ্ঠান যাতে হয়রানির শিকার না হয় তা নিশ্চিত করতঃ নিয়মিত বাজার তদারকি অব্যাহত রাখতে হবে।<br>
৫। পণ্য বিক্রয়ের সময় ভাউচার প্রদান নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৬। নিয়মিত মোবাইল কোর্টের অভিযান অব্যাহত রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৭। কারখানা বা প্রতিষ্ঠানে শিশুশ্রম রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৮। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত অভিযান পরিচালনার সময় প্রতিষ্ঠানের লাইসেন্সসহ অন্যান্য ডকুমেন্ট সঠিক রয়েছে কি-না তা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>
৯। লবণের আয়োডিন পরীক্ষা ও ভোজ্য তেলের ভিটামিন পরীক্ষা করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>
১০। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।
</td>
<td>
১। সহকারী পরিচালক ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর<br><br>
২। নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রংপুর<br><br>
৩। উপপরিচালক বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন, রংপুর
</td>
</tr>
</table>

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৬ | **বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রংপুর :**<br>নিরাপদ খাদ্য অফিসার, রংপুর জানান,<br>রংপুর জেলায় জুলাই/২০২৬ মাসে **১৫** টি হোটেল/রেস্তোরায় মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়।<br><br>রংপুর জেলায় জুলাই/২০২৬ মাসে ০১ টি পাইকারি বাজার, ০৩ টি খুচরা বাজার, ০২ টি কাঁচা বাজার, ০২ টি খাদ্য কারখানা, ০২ টি বেকারী/মিষ্টির দোকান, ০১ টি সুপারশপ এবং ০২ টি অন্যান্য পরিদর্শন মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়।<br><br>কর্তৃপক্ষের সাথে সমন্বয়ের মাধ্যমে সিটি কর্পোরেশন, জেলা ও উপজেলায় দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকগণেকে মনিটরিং, ঝুঁকিপূর্ণ খাদ্য নমুনা সংগ্রহ ও জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা প্রদান করা হয়।<br><br>খাদ্যের ঝুঁকি নিরুপনে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, রংপুর কর্তৃক বিভিন্ন শাকসবজি, ব্যবহৃত ভোজ্য তেল, লবণে আয়োডিনের উপস্থিতি, পাউরুটিতে পটাসিয়াম ব্রোমেটের উপস্থিতি, হলুদের গুড়া, মরিচের গুড়া, ঘি, মধু ও দুধের মধ্যে বিভিন্ন রাসায়নিকের উপস্থিতি, হাইজিন ডিটেকশন কিটের মাধ্যমে ক্ষতিকর জীবাণুর উপস্থিতি নির্ণয়ের জন্য নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়। মোট ৩৫ টি নমুনার মধ্যে ০২ টি সবজির (আলু, শসা) নমুনায় নাইট্রেট ও ০৯ টি পোড়া তেলের নমুনায় পোলার কম্পাউন্ড/ ট্রান্স-ফ্যাট উপস্থিতি পাওয়া যায়।<br><br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, রংপুর কর্তৃক মোবাইল ল্যাবের মাধ্যমে ৫০ টি খাদ্য নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়। তারমধ্যে ০৮ টি পোড়া তেলের নমুনায় পোলার কম্পাউন্ড/ ট্রান্স-ফ্যাট উপস্থিতি এবং ১১ টি হাইজিন ডিটেকশন কীটের মাধ্যমে জীবাণু শনাক্ত করা হয়।<br><br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, রংপুর কর্তৃক ০২ টি বিস্কিট এর নমুনা সংগ্রহপূর্বক বিশ্লেষণের জন্য প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়।<br><br>গত মাসে রংপুর জেলায় প্রায় ১০১০ লিটার ক্ষতিকর পোড়া বা ব্যবহৃত ভোজ্য তেল সংগ্রহ করা হয় এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে এ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, রংপুর কর্তৃক জুলাই/২০২৬ মাসে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণের সমন্বয়ে নিরাপদ খাদ্য বিষয়ক ০১টি প্রশিক্ষণে মোট ২৫ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়।<br><br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, রংপুর কর্তৃক জুলাই/২০২৬ মাসে পথ খাবার (Street Food) তৈরি/বিক্রয় সংশ্লিষ্টদের নিরাপদ খাদ্য এবং খাদ্যের নিরাপদতা বিষয়ে ০১টি প্রশিক্ষণে মোট ৫০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়।<br><br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, রংপুর কর্তৃক উপজেলায় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ০১ টি সভা অনুষ্ঠিত হয়।<br><br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, রংপুর ও জেলা প্রশাসন রংপুর ,উপজেলা প্রশাসন পীরগাছা, পীরগঞ্জ কর্তৃক জুলাই/২০২৬ মাসে মোট ০৬ টি প্রতিষ্ঠানে ৩৪,০০০/-চৌত্রিশ হাজার টাকা এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা<br>ক) সভাপতি রংপুর জেলায় অবস্থিত আবাসিক হোটেলসমূহে অভিযান পরিচালনার সময় আবাসিক হোটেলের লাইসেন্স পরীক্ষা করার বিষয়ে নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রংপুরকে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত ভেজাল দুধ, মধু, গুড় উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান/কারখানার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা (অর্থদন্ড এবং কারাদন্ড) গ্রহণের বিষয়ে নিরাপদ খাদ্য অফিসার, রংপুর, উপপরিচালক, বিএসটিআই, রংপুর এবং সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুরকে নির্দেশনা প্রদান করেন।<br>গ) সভাপতি রংপুর জেলায় নিষিদ্ধ মাছ বিক্রয় বন্ধের বিষয়ে নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রংপুরকে নির্দেশনা প্রদান করেন।<br>ঘ) সভাপতি রংপুর জেলায় নিরাপদ খাদ্য নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা/অভিযান বাড়ানোর বিষয়ে নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রংপুরকে নির্দেশনা প্রদান করেন। | ১। রংপুর জেলায় অবস্থিত আবাসিক হোটেলসমূহে অভিযান পরিচালনার সময় আবাসিক হোটেলের লাইসেন্স পরীক্ষা করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। রংপুর জেলায় অবস্থিত ভেজাল দুধ, মধু, গুড় উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান/কারখানার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা (অর্থদন্ড এবং কারাদন্ড) গ্রহণ করতে হবে।<br>৩। রংপুর জেলায় নিষিদ্ধ মাছ বিক্রয় বন্ধের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। রংপুর জেলায় নিরাপদ খাদ্য নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা/অভিযান বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। হোটেল বা রেস্টুরেন্টগুলো থেকে পোড়া তেল সংগ্রহকারী, খাবার মুড়িতে ইউরিয়া সার মেশানো, আইসক্রিমে ক্ষতিকর রং মেশানো ও ভেজাল গুড় প্রস্তুতকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। হোটেল/রেস্তোরাঁয় মনিটরিং কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>৭। হোটেলের ক্যাটাগরিপূর্বক এ, বি, সি ক্যাটাগরি করে সুনির্দিষ্ট রং দিয়ে চিহ্নিত করতে হবে।<br>৮। লবণের আয়োডিন পরীক্ষা ও ভোজ্য তেলের ভিটামিন পরীক্ষা করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৯। স্বল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৭ | **বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বীজ বিপণন), রংপুর:** | ১। রংপুর জেলায় বেসরকারি পর্যায়ে বিক্রয়কৃত ফসলের বীজের মূল্য নির্ধারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং বীজ সংরক্ষণ এ নজরদারি বৃদ্ধি করতে হবে।<br>২। রংপুর জেলায় বিভিন্ন ফসলের বীজের বরাদ্দ প্রাপ্তি, বিক্রি ও স্থিতি কার্যক্রম অব্যাহত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। রংপুর জেলার আউশচাষী ও পাটচাষীদের পর্যাপ্ত আউশবীজ ও পাটবীজ প্রাপ্তি নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। স্বল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | উপপরিচালক (বীজ বিপণন) বিএডিসি, রংপুর অঞ্চল, |

উপ-পরিচালক, (বীজ বিপণন) বিএডিসি, রংপুর অঞ্চল, রংপুর জানান, রংপুর জেলায় চলতি ২০২৬-২৭ অর্থবছরে জুলাই ২০২৬ খ্রিঃ মাসে বীজের বরাদ্দ, প্রাপ্তি, বিক্রি ও স্থিতি নিম্নরূপ:

| ফসলের নাম | বরাদ্দ | প্রাপ্তি | বিক্রি | স্থিতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| আমন ধানবীজ | ৩১৬.১০০ | ৩০২.৫২০ | ২৮৭.২৭০ | ১৫.২৫০ | কৃষি প্রণোদনা=১১২.০০০ মে.টন, রাজস্ব প্রদর্শনী=১.৩২৫ মে.টন |
| পাটবীজ | ২৭.৯৫৮ | ২৭.৯৫৮ | ২৭.৯৫৮ | ০.০০০ | কৃষি প্রণোদনা= ১.৪০০ মে.টন. পাট অধিদপ্তর=২০.৯৯২ মে.টন |
| গ্রীষ্মকালীন সবজি বীজ | ০.৪২০ | ০.৪২০ | ০.১০৭ | ০.৩১৩ | - |
| মুগবীজ | ০.৭৩০ | ০.৭৩০ | - | ০.৭৩০ | - |
| তিল | ০.৩৯০ | ০.৩৯০ | - | ০.৩৯০ | - |
| সিমবীজ | ০.০৩৮ | ০.০৩৮ | ০.০০৪ | ০.০৩৪ | |
| কলমিশাক | ০.০১০ | ০.০১০ | - | ০.০১০ | |

স্থিতিকৃত বীজ বর্তমানে পীরগাছা ও পীরগঞ্জ বীজ বিক্রয় কেন্দ্র হতে সরাসরি কৃষকের মাঝে এবং আঞ্চলিক বীজ গুদাম, রংপুর হতে জেলার ২১৮ জন বীজ ডিলারের মাঝে ***"আগে আসলে আগে পাবেন"*** ভিত্তিতে বিক্রয় করা হচ্ছে। বীজ বিক্রয়ে সকলের সর্বাত্বক সহযোগীতা কামনা করা হলো। **বীজ ডিলারগণকে, ২৭/০৫/২০২৬, ২৪/০২/২০২৬, ২৬/০২/২০২৬ আমন ধানবীজ, পাটবীজ, গ্রীষ্মকালীন সবজিবীজ, মুগবীজ ও তিলবীজ বুকিং নিশ্চিত করতে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছিল । মৌসুমের মধ্যে সমুদয় বীজ বিক্রয়ের স্বার্থে উল্লেখিত তারিখের পর অঞ্চলের যে কোন ডিলারের মাঝে *"আগে আসলে আগে পাবেন"*** ভিত্তিতে যে কোন পরিমাণ বীজ বিক্রয় করা হচ্ছে। স্থিতিকৃত সমুদয় বীজ বিক্রির বিষয়ে এ কমিটির সকল সদস্যগণের সার্বিক সহযোগীতা কামনা করা হলো

ক) সভাপতি রংপুর জেলায় বেসরকারি পর্যায়ে বিক্রয়কৃত ফসলের বীজের মূল্য নির্ধারণের বিষয়ে উপপরিচালক, বিএডিসি (বীজ বিপণন), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

খ) সভাপতি রংপুর জেলার আউশচাষী ও পাটচাষীদের পর্যাপ্ত আউশবীজ ও পাটবীজ প্রাপ্তি নিশ্চিত করার বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর, উপপরিচালক, বিএডিসি (বীজ বিপণন), রংপুর এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৮ | **জেলা কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর:**<br>সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রংপুর জানান,<br>জেলার নিত্য পণ্যের পাইকারী ও খুচরা বাজার নিয়মিত মনিটরিং করা হচ্ছে। বর্তমানে ধান এর মুল্য হ্রাস পেয়েছে ও চালের বাজারদর স্থিতিশীল রয়েছে। বর্তমানে বাজারে ব্রয়লার মুরগী , ডিম আলু ও পেয়াঁজের মুল্য কিছুটা বৃদ্ধি পেয়েছে ।<br><br>আগাম বৃষ্টি ও শীলা বৃষ্টির কারনে সবজি ফসল নষ্ট হওয়ায় গতমাসে বাজারে সবজির সরবরাহ কম থাকায় দাম অনেকটা বৃদ্ধি পেয়েছে। জেলা হতে বর্তমানে প্রতিদিন বিভিন্ন প্রকার সবজি ঢাকা সহ পার্শ্ববর্তী অন্যান্য জেলায় প্রেরণ করা হচ্ছে।<br><br>আটা,ময়দা, ও পাম তেলের মুল্য স্থিতিশীল রয়েছে। তবে সয়াবিনমুল্য অনেকটা হ্রাস পেয়েছে। এছাড়া অন্যান্য নিত্য পণ্যের মুল্য স্থিতিশীল রয়েছে ।<br>জেলার ৪২ টি হিমাগার রয়েছে। ৪২ টি হিমাগারের মোট ধারণক্ষমতা ৪,৭০,৬০০ মে.টন। এবছর আলু সংরক্ষণ হয়েছে মোট-৪,৮৮,৬৩৮ মে.টন। এর মধ্যে প্রায় ৩,২৪,৯৪৮ মে.টন খাবার আলু ও ১,৬৩৬৯০ মে.টন বীজ আলু (স্টোরের দেয়া তথ্য মতে)। ৩১ জুলাই ২০২৬ পর্যন্ত স্টোর সমুহ থেকে আলু খালাস হয়েছে খাবার আলু ৮৭,৩৫১ মে:টন। যা মোট সংরক্ষণের প্রায় ১৮.৫০%। কৃষি বিপণন অধিদপ্তর সদর দপ্তর থেকে রংপুর জেলা সহ সব জেলাতেই স্টোরেজসমূহের আলু সংরক্ষণের নিমিত্ত কেজি প্রতি যৌক্তিক ভাড়া নির্ধারণের নিমিত্ত সুপারিশ প্রণয়ন কমিটি গঠণ করে দিয়েছে। রংপুর জেলা হতে কমিটি কেজি প্রতি যৌক্তিক ভাড়া নির্ধারণের জন্য সুপারিশ সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>কৃষি বিপণন আইন, ২০১৮ ও কৃষি বিপণন বিধিমালা,২০২১ অনুযায়ী ব্যবসায়ীদের দোকানে পণ্যের মূল্য তালিকা টাঙানো এবং হালনাগাদ করার জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে। নিত্য প্রয়োজনীয় পণ্যের অবৈধ মজুত গড়ে তুলে বাজারে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি না করার জন্য সর্তক করা হচ্ছে। এছাড়াও বাজারে সার্বিক পরিস্থিতি মূল্যায়ন সহ নিয়মিত বাজার মনিটরিং করা হচ্ছে। গত মে মাসে ৩ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয় এবং কৃষি বিপণন আইন অনুয়ায়ী ২৫০০/- টাকা জরিমানা করা হয়।<br>ক) সভাপতি রংপুর জেলায় নিয়মিত বাজার তদারকি অব্যাহত রাখার বিষয়ে সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি রংপুর জেলার আলু চাষীদের স্বার্থ রক্ষা করা এবং আলু সংরক্ষণের ক্ষেত্রে হিমাগারগুলোতে ভাড়া যৌক্তিক পর্যায়ে রাখা এবং আলুর সঠিক দাম নির্ধারণ এর বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর এবং সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। রংপুর জেলায় নিয়মিত বাজার তদারকি অব্যাহত রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। রংপুর জেলার আলু চাষীদের ব্যক্তি পর্যায়ে আলু সংরক্ষণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। পণ্যের মূল্য তালিকা নিয়মিত উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর বরাবর প্রেরণ করতে হবে।<br>৪। আলুর সঠিক দাম নির্ধারণ করতে হবে।<br>৪। স্বল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | ১। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রংপুর।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর |
| ০৯ | **বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, রংপুর:**<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ধান গবেষণা ইনিস্টিটিউট, রংপুর জানান,<br>**মধ্যম মেয়াদী কার্যক্রমঃ**<br>ব্রি গবেষণা মাঠে রংপুর অঞ্চল উপযোগী রোপা আমন/২০২৬ মৌসুমের জাত ও প্রযুক্তি উদ্ভাবনে লক্ষ্যে Germplasm collection and maintenance breeding, Hybridization, $F_1$ confirmation, Pedigree nursery, Observational Yield Trial (OYT), Advanced Yield Trial (AYT), Regional Yield Trial (RYT), Advanced line Adaptive Research Trial (ALART), Stability Analysis, Time of Transplanting এবং Effect of missing element সহ বিভিন্ন ট্রায়ালের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বীজ বপন চলমান রয়েছে । রোপা আমন/২০২৬ মৌসুমের ব্ল্যাক রাইস এবং বাসমতি ধানের জাত উদ্ভাবনের গবেষণা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বীজ বপন চলমান রয়েছে ।<br><br>রোপা আউশ/২০২৬ মৌসুমের বিভিন্ন গবেষণা কার্যক্রম (Regional Yield Trial (RYT) ও Stability Analysis, চলমান রয়েছে।<br><br>**স্বল্প মেয়াদী কার্যক্রমঃ** রোপা আমন/২০২৬ মৌসুমে গুনগত মানসম্পন্ন বীজ (ব্রিডার, প্রত্যায়িত ও টিএলএস) উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিআর১১, ব্রি ধান৩৪, ব্রি ধান৫১, ব্রি ধান৯০, ব্রি ধান৯৩, ব্রি ধান১০৩, ব্রি ধান১০৯ এবং ব্রি ধান১১০ এর বীজ | ১। বাংলাদেশ ধান গবেষণা ইনিস্টিটিউট, রংপুর কর্তৃক উদ্ভাবিত উচ্চ প্রযুক্তির/উন্নত প্রজাতির ধান বা ফসলসমূহ কৃষক পর্যায়ে পৌছানো নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। দুই ফসলী জমিকে তিন ফসলী জমি এবং তিন ফসলী জমিকে চার ফসলী জমিতে রূপান্তরের পদক্ষেপ হিসেবে আমন মৌসুমে ব্রি ধান ১০৩ যার জীবনকাল ১৩০ দিন এবং এই জাতের ধানের উৎপাদন ভাল হওয়ায় কৃষককে ব্রি ধান ১০৩ রোপণে উৎসাহী করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। কৃষক প্রশিক্ষণ কার্যক্রমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। গবেষণা কার্যক্রম গতিশীল রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। স্বল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।<br>৬। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ধান গবেষণা ইনিস্টিটিউট, রংপুর সভায় উপস্থিত নিশ্চিত করবেন। | ১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ধান গবেষণা ইনিস্টিটিউট, রংপুর<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর। |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**স্বল্প মেয়াদী কার্যক্রমঃ** রোপা আমন/২০২৬ মৌসুমে রংপুর জেলা উপযোগী ব্রি উদ্ভাবিত জনপ্রিয় উচ্চ ফলনশীল ও প্রিমিয়াম কোয়ালিটি বিভিন্ন জাত ব্রি ধান১০৩, ব্রি ধান১০৯, ব্রি ধান১১০, ব্রি হাইব্রিড ধান ৪ ও ৬) সম্প্রসারণের মাধ্যমে জেলার খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক সহযোগীতায় কৃষকের মাঠে ১৭০টি জাত প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এর মধ্যে পার্টনার প্রকল্পের আওতায় মোট ২৪ টি (২৪ একর) (তারাগন্জ-৮টি, বদরগন্জ-৮টি ও পীরগরন্জ-৮টি) প্রদশণী বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। রোপা আউশ/২০২৬ মৌসুমে ৫৫ বিঘা ব্রি ধান৯৮ (মিঠাপুকুর, পীরগন্জ, বদরগন্জ, সদর, গঙ্গাচড়া ও মেট্রো) এবং ২০ বিঘা ব্রি হাইব্রিড ধান৭ (সদর, পীরগাছা ও কাউনিয়া) এর জাত প্রদশণী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগীতায় কৃষকের মাঠে স্থাপন করা হয়েছে।<br><br>**মধ্যম মেয়াদী কার্যক্রমঃ** উচ্চ ফলনশীল ধানের জাত দ্বারা নিম্ন ফলনশীল জাতের পরিবর্তনের মাধ্যমে রংপুর জেলার খাদ্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য নিরাপত্তা টেকসই করা।<br><br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পাট গবেষণা ইনস্টিটিউট এর পানি নিষ্কাশন এবং উত্তর পাশে পানি প্রবাহের জন্য কালভার্টটি উচু করে দেয়ার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশনকে অনুরোধ করেনঅন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br><br>ক) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, রংপুর-কে উদ্ভাবিত উচ্চ প্রযুক্তির/উন্নত প্রজাতির ধান বা ফসলসমূহ কৃষক পর্যায়ে পৌছানো নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | | |
| ১০ | **বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, রংপুর:**<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, রংপুর জানান,<br>আঁশ মৌসুমে পাট ও সমজাতীয় আশ ফসল সংক্রান্ত গবেষণা কেন্দ্রের খামারে ৩০ (ত্রিশ)টি পরীক্ষণ স্থাপন করা হয়েছিল যা ডাটা সংগ্রহ ও কর্তনের কাজ চলামান আছে। বীজ উৎপাদন মৌসুমের গবেষণা কার্যক্রম শুরু হয়েছে।<br>প্রজনন পাট বীজ উৎপাদন কার্যক্রমের আওতায়: ২০২৬-২৭ অর্থবছরে পাট বীজের স্বয়ংসম্পূর্ণতা অর্জন, বিএডিসিকে বীজ সরবরাহ এবং বিজেআরআই এর নিজস্ব চাহিদা পূরণের লক্ষ্যে পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, রংপুরে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রজনন বীজ উৎপাদন কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার প্রস্তুতি চলছে। ইতোমধ্যে প্রায় ৬০ জমিতে বীজ উৎপাদনের জন্য বীজ বপন সম্পন্ন হয়েছে। তবে অতি বৃষ্টি জনিত কারণে কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।<br><br>বিভিন্ন উপজেলা ও চর এলাকায় বিজেআরআই থেকে উদ্ভাবিত নতুন জাতের পাট ও সমজাতীয় আঁশ ফসলের আঁশ উৎপাদন প্রযুক্তি কৃষকদের মাঝে সম্প্রসারণের কার্যক্রম জন্য বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, প্রধান কার্যালয় এর নিদের্শনা মোতাবেক এ যাবত ৫০ টি প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে।<br>অত্র প্রতিষ্ঠানের চারপাশ ঘরবাড়ি তৈরি ও রাস্তা উচু করার কারণে সামান্য বৃষ্টিতে খামারের ৭০% পানিতে ডুবে যায়।<br>এছাড়াও আঞ্চলিক কেন্দ্রের বাউন্ডারি ওয়ালের বাইরে পৌর সভার কর্মীরা যত্রতত্র ময়লা ফেলার কারণে পরিবেশ দূষিত হচ্ছে।<br>ক) সভাপতি উন্নতজাতের পাট উৎপাদনের জন্য গবেষণা কার্যক্রম সম্প্রসারণের বিষয়ে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। উন্নতজাতের পাট উৎপাদনের জন্য গবেষণা কার্যক্রম সম্প্রসারণের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। উন্নত জাতের পাট ও সমজাতীয় আঁশ ফসলের বীজ উৎপাদন, প্রযুক্তি গবেষণা ও প্রদর্শনী স্থাপন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩। উন্নতজাতের পাট উৎপাদনের জন্য গবেষণা কার্যক্রম সম্প্রসারণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। স্বল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১১ | **পাট অধিদপ্তর, রংপুর:**<br>সহকারী পরিচালক, পাট অধিদপ্তর, রংপুর জানান,<br><br>পাট আইন, ২০১৭ এর আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে লাইসেন্সের লক্ষ্যমাত্রা ২৩৮ টি এ পর্যন্ত মোট লাইসেন্স হয়েছে= ১১টি, রাজস্ব আদায়= ১৩০০০/- রংপুর জেলায় বিভিন্ন হাট বাজারে বর্তমান পাটের বাজার দর ৪০ কেজি মণ হিসাবে: তোষা পাট ৪০০০/- হইতে= ৪২০০/- টাকা।<br><br>ধান, চাউল, গম, ভুট্টা, সার, চিনি, তুষ, খুদ, কুড়া, ডাল, পেঁয়াজ, মরিচ, রসুন, হলুদ, আদা, আলু, ময়দা, ধনিয়া, আটা, পোল্ট্রি ফিড, ফিস ফিড, মোট ১৯ টি "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০" বাস্তবায়নের লক্ষে জুলাই/২০২৬ মাস পর্যন্ত মোবাইল কোর্ট সর্বমোট মোবাইল কোর্ট= ১৪টি, মামলা= ১৫টি, জরিমানা= ৭৯,০০০/- ।<br><br>ক) সভাপতি উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয় করে "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০" অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা করা এবং মোবাইল কোর্ট-এর সংখ্যা বাড়ানোর বিষয়ে সহকারী পরিচালক, পাট অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয় করে "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০" অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা করা এবং মোবাইল কোর্ট-এর সংখ্যা বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। উন্নতমানের পাট উৎপাদন নিশ্চিত করতে হবে যাতে রংপুরের শতরঞ্জিসহ অন্যান্য কুটির শিল্পে পাটের চাহিদা অন্য জেলা হতে আমদানি ব্যতিরেকে রংপুরের উৎপাদিত পাট দ্বারা নিশ্চিত করা যায়।<br>৩। দাপ্তরিক নিয়মিত কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>৪। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক পাট অধিদপ্তর, রংপুর |
| ১২ | **আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট, রংপুর:**<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট, রংপুর জানান,<br>আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট, রংপুর এ ২০২৫-২৬ সালের রবি মৌসুমে গবেষণা এবং বারি উদ্ভাবিত শীতকালীন ফসলের বিভিন্ন জাতের প্রজনন বীজ (বারি লালশাক-১, বারি মুলা-১, বারি শিম-১, বারি মিষ্টিকুমড়া-২, বারি টমেটো-১৫, বারি ব্রকলি-১, বারি মটরশুটি-৩, বারি পেঁয়াজ-৪, বারি সরিষা-১৪, বারি সরিষা-২০, বারি সূর্যমুখী-৩ ইত্যাদি) উৎপাদন কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে এবং খরিপ মৌসমের গবেষণা এবং বারি উদ্ভাবিত বিভিন্ন ফসলের প্রজনন বীজ (বারি বরবটি-১, বারি ধুন্দল-১, বারি করলা-২, বারি ডাটাশাক-১, বারি গিমা কলমি-১, বারি তিল-৫, বারি তিল-৬ ইত্যাদি) উৎপাদন কার্যক্রম সুষ্ঠভাবে চলমান। বিষমুক্ত নিরাপদ বেগুন ও টমেটো উৎপাদনের জন্য ৪০০টি ট্রাইকো-কার্ড কৃষকের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়েছে।বারি পিঁয়াজ-৪ এর বীজ উৎপাদন প্রযুক্তি বিস্তারের লক্ষ্যে কৃষকের ১টি মাঠ দিবস করা হয়েছে। পরিবেশে দূষণের প্রভাব থেকে মুক্ত এবং নিরাপদ সবজি উৎপাদনের লক্ষ্যে বিভিন্ন লেপিডোপটেরান কীটপতঙ্গ বিশেষ করে বেগুনের ডগা ও ফল ছিদ্রকারী, টেমেটো ছিদ্রকারী ইত্যাদি পোকা দমনের জন্য ট্রাইকোগ্রামা রেয়ারিং কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। এছাড়াও ফসলের বিভিন্ন রোগবালাই ও পোকামাকড়ের সমস্যা সমাধানের লক্ষ্যে আগত কৃষকদেরকে তাৎক্ষনিকভাবে যথাযথ সেবা প্রদান করা হচ্ছে। অফিসের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান।<br><br>ক) সভাপতি আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট, রংপুর এর দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখা এবং বারি উদ্ভাবিত বিভিন্ন ফসলের চারা উদ্ভাবন কার্যক্রম গতিশীল রাখতে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখা এবং বারি উদ্ভাবিত বিভিন্ন ফসলের চারা উদ্ভাবন কার্যক্রম গতিশীল রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।<br>৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট, রংপুর সভায় উপস্থিত নিশ্চিত করবেন। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট, রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৩ | **বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সরেজমিন গবেষণা বিভাগ, রংপুর:**<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সরেজমিন গবেষণা বিভাগ, রংপুর জানান,<br>• গ্রীষ্মকালীন বিভিন্ন ফসলের চারা উৎপাদন ও চারা রোপন কার্যক্রম চলমান।<br>• ভার্মি কম্পোষ্ট উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে।<br>• অত্র কেন্দ্রের আওতাধীন নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট ও গাইবান্ধা জেলার সাইটসমুহে এলাকা ভিত্তিক গবেষণা কার্যক্রম চলমান।<br>• পার্টনার প্রকল্পের আওতায় অত্র কেন্দ্রে ঝিঙ্গা, তিল, লাউ, বরবটি, ঢেড়স, এর বীজ উৎপাদনের কাজ চলমান রয়েছে।<br>• পার্টনার প্রকল্পের আওতায় কৃষকের মাঠে নতুন Area তে চিনা, আদা, হলুদ ও মুখী কচুর মিশ্র বাগান স্থাপন এর Pilot Production কার্যক্রম অব্যাহত আছে।<br>• জয়বায়ু পরিবর্তন প্রকল্পের আওতায় রংপুর, কুড়িগ্রাম ও লালমনিরহাটে বিভিন্ন ফসলের পরীক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>GAP প্রকল্পের আওতায় মুখিকচুর উৎপাদন কার্যক্রম চালু আছে।<br><br>ক) সভাপতি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সরেজমিন গবেষণা বিভাগ, রংপুর হতে বীজ বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নে বিষয়ে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সরেজমিন গবেষণা বিভাগ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি বিএআরআই কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন ফসলের প্রদর্শনী কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের বিষয়ে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সরেজমিন গবেষণা বিভাগ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সরেজমিন গবেষণা বিভাগ, রংপুর হতে বীজ বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বিএআরআই কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন ফসলের প্রদর্শনী কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। গবেষণা কার্যক্রম গতিশীল রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। স্বল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সরেজমিন গবেষণা বিভাগ, রংপুর |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১৪</td><td>

**হর্টিকালচার সেন্টার, বুড়িরহাট, রংপুর:**

উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, বুড়িরহাট, রংপুর জানান,

১। ক) সেন্টারের চারা/কলম উৎপাদন- লক্ষ্যমাত্রা ২২৫০০০, উৎপাদন: ৩৪০৭৬, বিতরণ: ২৬৩৪, এবং স্থিতি: ১৪২২৯১। নিম্ন ছকে বিস্তারিত-

<table>
<tr><th rowspan="2">বিবরণ</th><th rowspan="2">লক্ষ্যমাত্রা</th><th colspan="3">উৎপাদন</th><th colspan="3">বিতরণ</th><th></th></tr>
<tr><th>চলতি মাস</th><th>পুর্বমাস</th><th>মোট</th><th>চলতি মাস</th><th>পুর্ব মাস</th><th>মোট</th><th>নীট মজুদ</th></tr>
<tr><td>কলম</td><td>৮৪০০০</td><td>৫৭৫০</td><td>০</td><td>৫৭৫০</td><td>১১১৭</td><td>০</td><td>১১১৭</td><td>৭৪০২০</td></tr>
<tr><td>চারা</td><td>৫২৫০০</td><td>২৩১২০</td><td>০</td><td>২৩১২০</td><td>৭৯০</td><td>০</td><td>৭৯০</td><td>৪৬৮০৭</td></tr>
| ৫৩ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রংপুর :**<br>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর জানান, এলজিইডি রংপুর জেলার আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মোট ১২৬৩টি স্কীমের মধ্যে ১০৭১টি সমাপ্ত অবশিষ্ট ১৯২টি'র কাজ চলমান আছে যার গড় অগ্রগতি ৮৫%। গত জুলাই ২০২৬ইং মাসে বিভিন্ন প্রকল্পের ০৮টি স্কীমের কাজ সম্পন্ন হয়েছে।<br>উল্লেখ্য যে, ২০২৬-২০২৭ অর্থ বৎসরে GOB Maintenance এর আওতায় স্কীম তৈরির কাজ চলমান রয়েছে।<br>২০২৬ অর্থবছরের নতুন লাইসেন্স তালিকাভুক্তি ও নবায়ন শুরু হয়েছে যা আগামী ৩১.১২.২০২৬ পর্যন্ত চলামান থাকবে।<br>দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (CRMIDP) এর আওতায় পীরগাছা উপজেলার তাম্বুলপুর ভোলানাথ হাট ও পাওটানা হাট, বদরগঞ্জ উপজেলার মুচির হাট, সদর উপজেলার লাহিড়ীরহাট, পীরগঞ্জ উপজেলার বালুয়ার হাট এবং গংগাচড়া উপজেলার ভাঙ্গারহাট মোট ছয়টি সমাপ্তকৃত হাট হস্তান্তর করণের জন্য গহ ০৩.০৮.২০২৬ খ্রি. তারিখে পত্র প্রেরন করা হয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে।<br>পীরগঞ্জ উপজেলাধীন করতোয়া নদীর উপর নুনদহ ঘাট এ ৩০১.০০ মিটার ব্রীজের এপ্রোচ রোডের জমি অধিগ্রহণ প্রক্রিয়া সমাপ্ত না হওয়ায়, এপ্রোছ রোডের মাঝে রিলিফ ব্রীজের কাজে বাস্তবায়ন করা যাচ্ছে না।<br>এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।<br>ক) সভাপতি চন্দনপাট ইউনিয়ন ভূমি অফিস, রংপুরের গাছ নিলাম সংক্রান্ত কাজ বিধি মোতাবেক দ্রুতগতিতে সম্পন্ন করার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি রংপুর সদর উপজেলার মোমিনপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের পশ্চিম জানপুর গ্রামে অবস্থিত ঝুকিপূর্ণ ব্রীজ সংস্কারের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর এবং উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>গ) সভাপতি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রংপুর কর্তৃক নির্মাণকৃত রাস্তার দীর্ঘস্থায়ীত্ব নিশ্চিত করতে রাস্তার গাইড ওয়াল নির্মাণের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>ঘ) সভাপতি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রংপুর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের গুণগত মান নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। রংপুর সদর উপজেলার মোমিনপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের পশ্চিম জানপুর গ্রামে অবস্থিত ঝুকিপূর্ণ ব্রীজ সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। মহিপুর সেতু রক্ষার জন্য এলজিইডি, রংপুর কর্তৃক একটি প্রকল্প গ্রহণ করতে হবে। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পানি উন্নয়ন বোর্ড প্রয়োজনীয় সহায়তা করবেন।<br>৪। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রংপুর কর্তৃক নির্মাণকৃত রাস্তার দীর্ঘস্থায়ীত্ব নিশ্চিত করতে রাস্তার গাইড ওয়াল নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। রংপুর জেলার বদরগঞ্জ উপজেলার গোপিনাথপুরে রাস্তা করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। গৃহীত প্রকল্পসমূহের গুণগত মান নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করতে হবে এবং চলমান প্রকল্পের ডিপিপিসহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৭। গংগাচড়া—মহিপুর সড়কটি পাকা করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৮। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী এলজিইডি, রংপুর<br>২। নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, রংপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার বদরগঞ্জ, রংপুর |
| ৫৪ | **সড়ক ও জনপথ বিভাগ, রংপুর:**<br>নির্বাহী প্রকৌশলী, সওজ, রংপুর জানান, ৪. নির্মাণ, প্রকৌশল, শিল্প ও যোগাযোগ বিষয়ক (এসডিজি গোল ৬, ৭, ৯, ১২):<br>১। সড়ক ও জনপথ বিভাগের আওতাধীন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ভূমি অধিগ্রহণে কোন জটিলতা বা মামলা হলে তা দ্রুত নিষ্পত্তি করার জন্য এবং ভূমি অধিগ্রহণের জন্য কোন সরকারী প্রকল্পের কাজ যেন বাধাগ্রস্থ না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন।<br>২। রংপুর জেলার সকল পেট্রোল পাম্পসমূহকে সড়ক ও জনপথ বিভাগের ইজারা প্রদান বা নবায়ন বা ছাড়পত্র প্রাপ্তি নিশ্চিত করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে পরিবেশ অধিদপ্তর, রংপুর প্রয়োজনীয় সহযোগিতা করবেন।<br>৩। রংপুর-কুড়িগ্রাম মহাসড়কের প্রশস্তকরণ কাজ যথাসময়ে বাস্তবায়ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে<br>৪। সড়ক দুর্ঘটনা রোধে সাসেক প্রকল্পের আওতায় রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার জামতলা মোড়ে U-টার্নটি বন্ধ করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। রাস্তার সংস্কার/নির্মাণ কাজে দুর্ঘটনা এড়াতে গাড়ী চালকসহ জনসাধারণকে সতর্ককরণের লক্ষ্যে সংশ্লিষ্ট স্থানে বিভিন্ন দিক নির্দেশক চিহ্ন, স্পিড ব্রেকারে নির্ধারিত রং | ১। রংপুর জেলার বদরগঞ্জ—মিঠাপুকুর—ফুলবাড়ী সড়কে অবস্থিত নাগেরহাট ব্রীজের খুব কাছ থেকে বালু উত্তোলন বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। সড়ক ও জনপথ বিভাগের আওতাধীন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ভূমি অধিগ্রহণে কোন জটিলতা বা মামলা হলে তা দ্রুত নিষ্পত্তি করার জন্য এবং জমি অধিগ্রহনের জন্য কোন সরকারি প্রকল্পের কাজ যেন বাধাগ্রস্ত না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>৩। রংপুর জেলার সকল পেট্রোল পাম্পসমূহকে সড়ক ও জনপথ বিভাগের ইজারা প্রদান বা নবায়ন বা ছাড়পত্র প্রাপ্তি নিশ্চিত করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে পরিবেশ অধিদপ্তর, রংপুর প্রয়োজনীয় সহযোগিতা করবেন।<br>৪। রংপুর-কুড়িগ্রাম মহাসড়কের | ১। নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ, রংপুর<br>২। প্রধান নির্বাহী কর্মকর্তা রংপুর সিটি কর্পোরেশন, রংপুর<br>৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর<br>৩। উপপরিচালক পরিবেশ অধিদপ্তর, রংপুর<br>৪। উপজেলা নির্বাহী অফিসার বদরগঞ্জ /পীরগঞ্জ/মিঠাপুকুর রংপুর। |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ও সড়কে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। গৃহীত প্রকল্পসমূহের গুণগত মান নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করতে হবে।<br>৭। স্বল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।<br>ক) সভাপতি রংপুর জেলায় জনভোগান্তি রোধে সড়ক ও জনপথ বিভাগের রাস্তার পার্শ্বে অবৈধ স্থাপনা নির্মাণকারীর বিরুদ্ধ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি সড়ক ও জনপথ বিভাগের আওতাধীন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ভূমি অধিগ্রহণে কোন জটিলতা বা মামলা হলে তা দ্রুত নিষ্পত্তি করার জন্য এবং জমি অধিগ্রহণের জন্য কোন সরকারি প্রকল্পের কাজ যেন বাধাগ্রস্ত না হয় সে বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রংপুর এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর-কে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>গ) সভাপতি তারাগঞ্জ হতে এয়াপোর্ট যাওয়ার রাস্তা মেরামতের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>ঘ) সভাপতি তারাগঞ্জ বাজার হতে কিশোরগঞ্জ যাওয়ার রাস্তা মেরামতের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>ঙ) সভাপতি রংপুর জেলার জনসাধারণের যাতায়াতের সুবিধার্থে বুড়িরহাট বাজার হতে কদমতলী পর্যন্ত রাস্তা মেরামতের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>চ) সভাপতি সড়ক দুর্ঘটনা রোধে সাসেক প্রকল্পের আওতায় রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার জামতলা মোড়ের U-টার্নটি বন্ধ করার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রংপুর ও উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>ছ) সভাপতি, রাস্তার সংস্কার/নির্মাণ কাজে দুর্ঘটনা এড়াতে গাড়িচালকসহ জনসাধারণকে সতর্ককরণের লক্ষ্যে সংশ্লিষ্ট স্থানে বিভিন্ন দিক নির্দেশক চিহ্ন, স্পিড ব্রেকারে নির্ধারিত রং ও সড়কে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখার পদক্ষেপ গ্রহণের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | প্রশস্তকরণের কাজ যথাসময়ে বাস্তবায়ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>৫। তারাগঞ্জ হতে এয়াপোর্ট যাওয়ার রাস্তা মেরামতের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। তারাগঞ্জ বাজার হতে কিশোরগঞ্জ যাওয়ার রাস্তা মেরামতের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৭। রংপুর জেলার জনসাধারণের যাতায়াতের সুবিধার্থে বুড়িরহাট বাজার হতে কদমতলী পর্যন্ত রাস্তা মেরামতের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৮। সড়ক দুর্ঘটনা রোধে সাসেক প্রকল্পের আওতায় রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার জামতলা মোড়ের U-টার্নটি বন্ধ করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৯। রাস্তার সংস্কার/নির্মাণ কাজে দুর্ঘটনা এড়াতে গাড়িচালকসহ জনসাধারণকে সতর্ককরণের লক্ষ্যে সংশ্লিষ্ট স্থানে বিভিন্ন দিক নির্দেশক চিহ্ন, স্পিড ব্রেকারে নির্ধারিত রং ও সড়কে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১০। গৃহীত প্রকল্পসমূহের গুণগত মান নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করতে হবে।<br>১১। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | |
| ৫৫ | **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রংপুর:**<br>নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রংপুর জানান,<br>১। "নির্বাচিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন" শীর্ষক ......প্রকল্পের আওতায় ০৫ টি শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ কাজ চলমান। গড় অগ্রগতি ৬৫%।<br>২। "সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ বিভাগে ৪টি মহিলা পলিটেকনিক ইনষ্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় 'রংপুর মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট' এর নির্মাণ কাজ চলমান। গড় অগ্রগতি ৮৫%।<br>৩। "নির্বাচিত মাদ্রাসা সমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় ২টি প্রতিষ্ঠানের নির্মাণ কাজ চলমান। গড় অগ্রগতি ৯৮%<br>৪। "৯টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ২টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১টির নির্মাণ কাজ চলমান, অপর কাজটি দীর্ঘদিন বন্ধ থাকায় দরপত্র বাতিল করে পুন:দরপত্র আহ্বানের প্রক্রিয়া চলমান। গড় অগ্রগতি ৭৫%।<br>৫। "সরকারী মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় ০৪টি কাজ চলমান। গড় অগ্রগতি ৭৫%।<br>৬। "জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ০৩ টি আঞ্চলিক অফিস স্থাপন" ..শীর্ষক প্রকল্পের আওতায় 'জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক অফিস, রংপুর' এর নির্মাণ কাজ চলমান। গড় অগ্রগতি ৭৫%।<br>৭। "সরকারি কলেজ সমূহের বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ" .শীর্ষক প্রকল্পের আওতায় ০২ টি প্রতিষ্ঠানে ৬টি কাজ চলমান। গড় অগ্রগতি ৯০%। | ১। কারমাইকেল কলেজ, রংপুর এর গেট নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>২। গৃহীত প্রকল্পসমূহের গুণগত মান নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করতে হবে।<br>৩। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ৮। "ঢাকা, মাদারীপুর ও রংপুর জেলার ০৩টি কলেজের অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ০১টি প্রতিষ্ঠানে ২টি কাজ চলমান। গড় অগ্রগতি ৮৫%।<br><br>৯। "TVET Teachers for the Future (TTF) Program" শীর্ষক প্রকল্পের আওতায় ০১টি কাজ চলমান। গড় অগ্রগতি ৩০%।<br><br>ক) সভাপতি কারমাইকেল কলেজ, রংপুর এর গেট নির্মাণের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | | |
| ৫৬ | **বিক্রয় ও বিতরণ বিভাগ-২, নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানি, রংপুর:**<br>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, রংপুর সিটি করপোরেশন এলাকায় নেসকোর আওতাধীন মোট ১,৫৭,৫৭৪ জন (জুন/২০২৬ইং এমওডি অনুযায়ী) গ্রাহকের বিদ্যুৎ সেবা প্রদান সহ পরিচালন, মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং গ্রাহক অভিযোগ নিরসন কাজ চলমান রয়েছে।<br><br>বিক্রয় ও বিতরণ বিভাগ-২, নেসকো, রংপুর দপ্তরের আওতায় বিভিন্ন সরকারী দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য যোগাযোগ করা হচ্ছে যার ফলে বেশ কিছু দপ্তর ইতোমধ্যে আংশিক/সম্পূর্ণ বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করেছেন সে কারণে সংশ্লিষ্ট দপ্তরকে ধন্যবাদ জানানো হচ্ছে। এছাড়া যেসকল দপ্তরের বিদ্যুৎ বিল এখনও বকেয়া রয়েছে যেমনঃ রংপুর সিটি কর্পোরেশন, জজ কোর্ট, সার্কিট হাউস, বিভাগীয় সদর দপ্তর, গণপূর্ত-আবাসিক কোয়ার্টার, গণপূর্ত-কার্যালয়, ডিভিশনাল কমিশনার অফিস, ম্যাজিস্ট্রেট কোয়ার্টার, পোষ্টাল ষ্টাফ কোয়ার্টার, মডেল মসজিদ, ডিসি অফিস, জেলা পরিষদ, এল জি ই ডি, সড়ক ও জনপদ অধিদপ্তর, সিভিল সার্জন অফিস, রংপুর পুলিশ সুপারের কার্যালয় সংশ্লিষ্ট সকল দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সহযোগিতা কামনা করছি।<br><br>বর্তমানে বিদ্যুতের চাহিদার তুলনায় বরাদ্দ কম থাকায় লোড শেডিং হচ্ছে। খুব দ্রুত সময়ের মধ্যে এই পরিস্থিতির উন্নতি হবে বলে আশা করা যাচ্ছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর বিদ্যুৎ বিভাগের স্মারক নং- ২৭.০০.০০০০.০৫১.১৬.০১১.২৩.৮; তারিখঃ- ১০/০১/২০২৪ ইং মোতাবেক ১৫% বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রণীত কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য জনসচেতনতা সৃষ্টি করা হচ্ছে।<br><br>এছাড়া বিদ্যুৎ বিভাগের নির্দেশনা মোতাবেক শপিংমল, মার্কেট ও দোকানসমূহ যথাসময়ের মধ্যে বন্ধ করা এবং দেশের বিভিন্ন প্রান্তে চলমান ও অনুষ্ঠিতব্য মেলা/বাণিজ্য মেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান যথাসময়ের মধ্যে বন্ধ করার বিষয়ে মাইকিং এর মাধ্যমে জনসচেতনা বৃদ্ধি করা হচ্ছে।<br><br>সম্মানিত বিদ্যুৎ গ্রাহকদের প্রি- পেইড মিটার ব্যবহারের সুবিধা সমূহ লিফলেট, ব্যানার, মাইকিং এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারনা করা হচ্ছে।<br><br>বিক্রয় ও বিতরণ বিভাগ-২, নেসকো, রংপুর দপ্তরের ৩৩/১১ কেভি উপকেন্দ্রের নিকটবর্তী বিভিন্ন প্রজাতির ছোট বড় মোট ২৪টি পুরাতন ঝুঁকিপূরণ বৃক্ষ রয়েছে যা ৩৩/১১ কেভি উপকেন্দ্র এবং অফিস ভবনের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ বিধায় সেগুলো কর্তন করা প্রয়োজন। অন্যথায় প্রকৃতিক দুর্যোগের কারণে যে কোন অনাকাঙ্খিত দুর্ঘটনা ঘটলে অত্র দপ্তরের আওতাধীন এলাকায় বিদ্যুৎ সেবা বন্ধ হয়ে যাওয়ার মত পরিস্থিতি তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। "নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-এর অব্যবহৃত ও ব্যবহার অনুপযোগী মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তি নীতিমালা, ২০২৫" এর আলোকে বন বিভাগ, রংপুর এর সহযোগীতায় কাজটি সম্পাদন করা হবে। প্রয়োজনীয় সহযোগীতার জন্য বিষয়টি সভায় উপস্থাপন করা হলো।ক) সভাপতি বিদ্যুতের অবৈধ ব্যবহার বন্ধ নিশ্চিত করতে মোবাইল কোর্টসহ অভিযান পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ- ১, ২ ও ৩, নেসকো লিঃ, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। বিদ্যুতের অবৈধ ব্যবহার বন্ধ নিশ্চিত করতে মোবাইল কোর্টসহ অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২। রংপুর জেলায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ ব্যবস্থাকে বিদ্যুৎ ব্যবস্থাপনার পাশাপাশি সোলার প্যানেলের আওতায় আনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। পুলিশ লাইন সরকারি প্রাথমিক বিদ্যালয়, রংপুর-এর মধ্যে বিদ্যমান ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক ঝুলন্ত তার নিরাপদ স্থানে সরিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। জাতীয় সোলার রূফটপ সোলার কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। বিদ্যুৎ সাশ্রয়ের নিমিত্ত এসি ২৫° সেলসিয়াসে রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। রংপুর জেলায় বিদ্যুতের লোডশেডিং কমিয়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৭। বকেয়া বিদ্যুৎ গ্রহীতাদের বিদ্যুৎ সংযোগ কর্তনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৮। অবৈধ লাইন সংযোগ বিচ্ছিন্নপূর্বক প্রতিবেদন দিতে হবে এবং নতুন সংযোগ প্রাপ্তদের তালিকা এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৯। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ- ১, ২ ও ৩ নেসকো লিঃ, রংপুর<br>২। জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | খ) সভাপতি রংপুর জেলায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ ব্যবস্থাকে বিদ্যুৎ ব্যবস্থাপনার পাশাপাশি সোলার প্যানেলের আওতায় আনার জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ- ১, ২ ও ৩, নেসকো লিঃ, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>গ) সভাপতি রংপুর জেলায় বিদ্যুতের লোডশেডিং কমিয়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ- ১, ২ ও ৩, নেসকো লিঃ, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | | |

**৫৭**

**পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, মিঠাপুকুর, রংপুর:**

জেনারেল ম্যানেজার, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জানান,

০১। নির্মিত লাইন ও গ্রাহক সংযোগ সংক্রান্ত তথ্যঃ

| উপজেলার নাম | মোট গ্রামের সংখ্যা | বিদ্যুতায়িত গ্রামের সংখ্যা | মোট নির্মিত লাইন (কিঃমিঃ) | চলতি অর্থ বছরে গ্রাহক সংযোগ জুলাই/২০২৬ | মোট গ্রাহক সংখ্যা (ক্রমপুঞ্জিত) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মিঠাপুকুর | ৩১০ | ৩১০ | ২৬৪৫.৪৮৭ | ২৪৬ | ১৬৬২৬৬ | মিঠাপুকুর পীরগাছা, পীরগঞ্জ উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। |
| পীরগঞ্জ | ৩০৮ | ৩০৮ | ২০৫৭ | ৯২ | ১৩৯৭৪০ | |
| পীরগাছা | ১৭২ | ১৭২ | ১৬০৭.০১১ | ১১৮ | ১০৭১৩৩ | |
| মোট = | ৭৯০ | ৭৯০ | ৬৩০৯.৪৯৮ | ৪৫৬ | ৪১৩১৩৯ | |

০২। বিদ্যুৎ বিল বকেয়া সংক্রান্ত তথ্যঃ

(০২। বিদ্যুৎ বিল বকেয়া সংক্রান্ত তথ্যঃ

(১) সরকারী প্রতিষ্ঠানের বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের সহযোগীতার জন্য স্মারক নং- ১২৯৬, তারিখ- ০১/০৪/২০২৬ খ্রি: তারিখে পত্র প্রদান করা হয়েছে।

(২) বিভিন্ন সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠান সমূহে বর্তমানে সমিতির = ৭৭,৬৩,৩৯১/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া আছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে।

মডেল মসজিদের বিদ্যুৎ বিল বকেয়া সংক্রান্ত তথ্যঃ

| মসজিদের নাম ও ঠিকানা | হিসাব নং | বকেয়ার মাস | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| মডেল মসজিদ, মিঠাপুকুর রংপুর। | ৩৪০/১০২৭ | ০৩/২০২৫ইং থেকে ০৭/০৬/২৬ইং পর্যন্ত =১৭ মাস | ১,০০,৮৬২/- | বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে। |
| মডেল মসজিদ, পীরগঞ্জ রংপুর। | ৭৪০/১০০০ | ০৬/২০২৫ইং থেকে ০৭/০৬/২৬ইং পর্যন্ত =১৪ মাস | ১,৭৫,১১৪/- | |

০৩।বিদ্যুতের চাহিদাঃ

| পিক আওয়ার চাহিদা (মেঃ ওঃ) | পিক আওয়ার প্রাপ্তি (মেঃ ওঃ) | অফ-পিক আওয়ার চাহিদা (মেঃ ওঃ) | অফ-পিক আওয়ার প্রাপ্তি (মেঃ ওঃ) |
|---|---|---|---|
| ৯৫.৫২ | ৭৯.৬ | ৬৬.৫ | ৫৩.২ |

**সিদ্ধান্ত:**

১। বিদ্যুতের অবৈধ ব্যবহার বন্ধ নিশ্চিত করতে মোবাইল কোর্টসহ অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।

২। রংপুর জেলায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ ব্যবস্থাকে বিদ্যুৎ ব্যবস্থাপনার পাশাপাশি সোলার প্যানেলের আওতায় আনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩। রংপুর জেলায় অবৈধ সেচ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৪। রংপুর জেলায় অবস্থিত ইটভাটাসমূহে পরিবেশ অধিদপ্তর এর ছাড়পত্র এবং জেলা প্রশাসন, রংপুর এর লাইসেন্স প্রাপ্তি সাপেক্ষে বৈদ্যুতিক সংযোগ প্রদান করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৫। জাতীয় সোলার রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৬। রংপুর জেলায় বিদ্যুতের লোডশেডিং কমিয়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৭। ট্রান্সফর্মার চুরি রোধে পুলিশ তদারকি বাড়ানোর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৮। অবৈধ লাইন সংযোগ বিচ্ছিন্নপূর্বক প্রতিবেদন দিতে হবে এবং নতুন সংযোগ প্রাপ্তদের তালিকা এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নকারী:**

১। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ ১, ২ ও ৩, নেসকো লিঃ, রংপুর

২। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

**<u>০৪। সেচ সংযোগ সংক্রান্তঃ</u>**অত্র সমিতির আওতায় মিঠাপুকুর, পীরগঞ্জ ও পীরগাছা উপজেলার মোট ৭৯০৯ টিসেচ সংযোগ এর মাধ্যমে সেচ কার্যক্রম পরিচালিত হচ্ছে। সেচ গ্রাহকগনকেরাত ১১.০০ ঘটিকার পর থেকে সেচ কার্য পরিচালনা করার জন্যলিফলেট বিতরন ও মিটিং আয়োজন করা হয়। আসন্ন সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

**৫। গৃহহীনদের গৃহে বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্তঃ**

| ক্রঃ নং | উপজেলার নাম | সমিতির ভৌগলিক এলাকায় নির্মিত গৃহের সংখ্যা | বিদ্যুতায়ন | হাউজ ওয়্যারিং কার্যক্রম চলমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মিঠাপুকুর | ১২৮৬ | ১২৫৮ | ২৮ | |
| ০২ | পীরগঞ্জ | ৬৬৪ | ৬৬৪ | - | |
| ০৩ | পীরগাছা | ৯৫৫ | ৬৩৫ | ৩২০ | |

**০৬। বিদ্যুৎ বিভাগ সম্পর্কিত বিষয়াদিঃ**

| ক্রঃ নং | | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | | দিনের আলো ব্যবহারের মাধ্যমে বিদ্যুতের সাশ্রয় ব্যবহার নিশ্চিত করতে হবে। | লিফলেট বিতরনসহ মোটিভেশন অব্যাহত |
| ০২ | | ডিজেলের ব্যবহার হ্রাস করার উদ্দেশ্যে সৌরবিদ্যুৎ চালিত সেচ পাম্পের মাধ্যমে কৃষি সেচ সংযোগ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রচারনাসহ মোটিভেশন অব্যাহত আছে |
| ০৩ | | ব্যাটারী চালিত ইজিবাইক ব্যবহার কমানোর উদ্দেশ্যে Solar charging system-এর ব্যবহার বৃদ্ধি করতে হবে। | প্রচারনাসহ মোটিভেশন অব্যাহত আছে |

ক) সভাপতি বিদ্যুতের অবৈধ ব্যবহার বন্ধ নিশ্চিত করতে মোবাইল কোর্টসহ অভিযান পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ- ১, ২ ও ৩, নেসকো লিঃ, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

খ) সভাপতি রংপুর জেলায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ ব্যবস্থাকে বিদ্যুৎ ব্যবস্থাপনার পাশাপাশি সোলার প্যানেলের আওতায় আনার জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ- ১, ২ ও ৩, নেসকো লিঃ, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

গ) সভাপতি রংপুর জেলায় অবৈধ সেচ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

ঘ) সভাপতি রংপুর জেলায় বিদ্যুতের লোডশেডিং কমিয়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ- ১, ২ ও ৩, নেসকো লিঃ, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫৮ | **পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর সদর, রংপুর:**<br>জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-২, রংপুর জানান,<br>বিদ্যুৎ বিল বকেয়া সংক্রান্তঃ<br><br>রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২,পাগলাপীর, রংপুর এর আওতায় মোট বকেয়া-৬১,৮১,৩২,৬২৫.০০ (একষট্টি কোটি একাশি লক্ষ বত্রিশ হাজার ছয়শত পঁচিশ) (জুলাই/২০২৬ পর্যন্ত) টাকা, তন্মেধ্যে সরকারি প্রতিষ্ঠানের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে- ২,৩১,১২,২২১.০০ (দুই কোটি একত্রিশ লক্ষ বার হাজার দুইশত একুশ ) (জুলাই/২০২৬ পর্যন্ত) টাকা। অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে এবং আরো মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। বৈদ্যুতিক লাইনের মালামাল চুরি বন্ধের জন্য নাইট অপারেশন কার্যক্রম চলমান আছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।<br><br>০৩। **আবাসন প্রকল্পের বকেয়া বিদ্যুৎ বিলের তথ্যঃ** জুলাই/ ২০২৬ খ্রিঃ পর্যন্ত আবাসন প্রকল্পের বকেয়া বিদ্যুৎ বিলের পরিমাণঃ রংপুর পবিস-২ এর আওতাধীন ০৫টি উপজেলায় ২৫৫৩ জন গ্রাহকের সর্বমোট=২৩,০৮,৭৬৮.০০ (তেইশ লক্ষ আট হাজার সাতশত আটষট্টি) টাকা বকেয়া রয়েছে। সমিতির নিয়মানুযায়ী বকেয়ার কারণে সকল সংযোগ বিচ্ছিন্নযোগ্য। সুবিধাভোগী বরাদ্দ প্রাপ্তদের বিদ্যুৎ বিল পরিশোধে সচেতন করার জন্য প্রচেষ্টা নেওয়ার পরও বিদ্যুৎ বিল পরিশোধ করছেন না। সরকারি রাজস্ব তথা বিদ্যুৎ বিল আদায়ে আবাসন প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকলের সহায়তা কামনা করা যাচ্ছে।<br><br>০৪। **সেচ পাম্প/ শিল্প/ কল-কারখানা/ দোকান-পাট/ শপিং মল-এ বিদ্যুৎ ব্যবহার প্রসঙ্গেঃ** পিক-আওয়ার অর্থাৎ সন্ধ্যা ৬.০০ টা থেকে রাত ১১.০০ টা পর্যন্ত সকল সেচ পাম্প, ওয়েল্ডিং মেশিন সহ অন্যান্য ভারী যন্ত্রপাতির ব্যবহার বন্ধ রাখা এবং সেচ পাম্প সমূহ রাত ১১.০০ টা থেকে সকাল ৭.০০ টা পর্যন্ত চালানোর জন্য মোটিভেশন মিটিং এর মাধ্যমে গ্রাহকগণকে উদ্বুদ্ধ করা হচ্ছে।<br><br>০৫। **গীষ্মকালে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা এবং বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতির ব্যবহার ও বিদ্যুৎ সাশ্রয়ে সাধারণ জনগণের মধ্যে ব্যাপক প্রচার-প্রচারণা সংক্রান্তঃ**<br><br>গীষ্মকালে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা এবং বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতির ব্যবহার ও বিদ্যুৎ সাশ্রয়ে সাধারণ জনগণের মধ্যে ব্যাপক প্রচার-প্রচারণা লক্ষে লিফলেট বিতরণ করা, উঠান বৈঠকের আয়োজন করা এবং এ ব্যাপারে সকলের সহযোগীতা কামনা করা যাচ্<br><br>সভার সভাপতি মহোদয়ের মাধ্যমে সরকারি অফিসসমূহের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ, অবৈধ বিদ্যুৎ ব্যবহার এবং বৈদ্যুতিক লাইনের মালামাল চুরিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হলো।<br><br>ক) সভাপতি বিদ্যুতের অবৈধ ব্যবহার বন্ধ নিশ্চিত করতে মোবাইল কোর্টসহ অভিযান পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ- ১, ২ ও ৩, নেসকো লিঃ, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। বিদ্যুতের অবৈধ ব্যবহার বন্ধ নিশ্চিত করতে মোবাইল কোর্টসহ অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২। রংপুর জেলায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ ব্যবস্থাকে বিদ্যুৎ ব্যবস্থাপনার পাশাপাশি সোলার প্যানেলের আওতায় আনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। রংপুর জেলায় অবৈধ সেচ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। রংপুর জেলায় অবস্থিত ইটভাটাসমূহে পরিবেশ অধিদপ্তর এর ছাড়পত্র এবং জেলা প্রশাসন, রংপুর এর লাইসেন্স প্রাপ্তি সাপেক্ষে বৈদ্যুতিক সংযোগ প্রদান করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। জাতীয় সোলার রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। ট্রান্সফর্মার চুরি রোধে পুলিশ তদারকি বাড়ানোর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৭। রংপুর জেলায় বিদ্যুতের লোডশেডিং কমিয়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৮। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৯। অবৈধ লাইন সংযোগ বিচ্ছিন্নপূর্বক প্রতিবেদন দিতে হবে এবং নতুন সংযোগ প্রাপ্তদের তালিকা এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>১০। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও<br>বিতরণ বিভাগ ১, ২ ও ৩, নেসকো লিঃ, রংপুর<br><br>২। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | খ) সভাপতি রংপুর জেলায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ ব্যবস্থাকে বিদ্যুৎ ব্যবস্থাপনার পাশাপাশি সোলার প্যানেলের আওতায় আনার জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ- ১, ২ ও ৩, নেসকো লিঃ, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) সভাপতি রংপুর জেলায় অবৈধ সেচ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br><br>ঘ) সভাপতি রংপুর জেলায় বিদ্যুতের লোডশেডিং কমিয়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ- ১, ২ ও ৩, নেসকো লিমিটেড, রংপুর এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১ ও ২, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | | |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫৯ | **গণপূর্ত বিভাগ, রংপুর:**<br>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর জানান,<br>ক। রংপুর জেলায় নতুন সার্কিট হাউজ নির্মাণ কাজ সম্পন্ন । বর্তমানে হস্তান্তর প্রক্রিয়াধীন। ভবনটি বর্তমানে প্রত্যাশী সংস্থা কর্তৃক ব্যবহার হচ্ছে। সার্বিক অগ্রগতি-১০০%।<br>খ। RPATC সীমানা প্রাচীর নির্মাণ কাজ চলমান। সার্বিক অগ্রগতি-৮৫%।<br>ক। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ৭টি আঞ্চলিক কার্যালয়ের ৭টি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠাসহ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের অধীনে রংপুর আঞ্চলিক কার্যালয় মুল ভবনের ফিনিসিং কাজ চলমান, এছাড়া ড্রেন, রাস্তা, বাউন্ডারী ওয়ালের কাজ সম্পন্ন । সার্বিক অগ্রগতি-৯৯%।<br>নভোথিয়েটারের প্লানেটরিয়াম ভবনের ব্রিক ওয়াল সমাপ্ত। Fair Face প্লাস্টার সমাপ্ত। সিরামিক ব্রিকসের কাজ সম্পন্ন। প্লাষ্টার কাজ সমাপ্ত। টাইলস মার্বেলের কাজ চলামান। সিড়ি, বারান্দার রেলিং, দরজার পাল্লা, গ্রীল স্থাপন কাজ চলমান। অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ চলমান। সার্বিক অগ্রগতি ৮০% ।ফায়ার ডিটেকশন ও প্রটেকশন সিস্টেমের কাজ চলমান। লিফট ও এসক্যালেটর সাইটে চলে এসেছে। সেন্ট্রাল এসির কাজ চলমান। গ্লাস ফ্রেমিং, টাইলস, আনসার ব্লকের ফুটিং কাজ, Canal Retaining wall, রাস্তার কাজ চলমান।<br>* "বিভাগীয় পর্যায়ে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ১০০ শয্যা বিশিষ্ট ক্যান্সার, হৃদরোগ, কিডনী ইউনিট স্থাপন'' শীর্ষক প্রকল্পের আওতায় রংপুর ক্যান্সার হাসপাতাল নির্মাণ কাজ চলমান। ফ্রেমিং ব্রিক স্থাপন, ফ্লোর টাইলস এবং গ্রানাইট স্থাপন, স্যানিটারি পাইপ স্থাপন,ভবনের বাহিরের অংশে প্লাষ্টারিংসহ অন্যান্য সিভিল, স্যানিটারী ও ইলেকট্রিক্যাল ফিনিশিং কাজ চলমান। এছাড়াও বহিঃস্থ বিদ্যুতায়ন কাজ যেমন ফায়ার ফাইটিং সিস্টেম, এইচভিএসি সিস্টেম প্রভৃতি কাজ চলমান। সার্বিক অগ্রগতি ৭৭%।<br>**"প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় পীরগাছা উপজেলা মডেল মসজিদের ফিনিশিং কাজ চলমান ।** সার্বিক অগ্রগতি-৯৫%।<br>রংপুর জেলায় বিটাক কেন্দ্র স্থাপন শীর্ষক কাজের নির্মাণ কাজ চলমান আছে। **বালক হোস্টেল:** সকল গাথুনী, প্লাষ্টার, টাইলস কাজ সমাপ্ত। ফেসিং বিক্স, এর কাজ চলামন। সার্বিক অগ্রগতি-৮০%। **বালিকা হোস্টেল:** গাথুনী প্লাষ্টার কাজ চলমান। জানালার গ্রীল, স্থাপন সম্পন্ন। ফেসিং বিক্স, এর কাজ চলমান। সার্বিক অগ্রগতি-৭৫%। **ওয়ার্কশপ:** Facing Bricks, Free beam, tiles, গ্রীল কাজ সম্পন্ন। জালার থাই, সিড়ির রেলিং কাজ চলমান । সার্বিক অগ্রগতি-৮০%। **অফিস বিল্ডিং০ঃ** সকল ফ্লোর ছাদ ঢালাই, ব্রিক ওয়ালের কাজ সম্পন্ন। প্লাষ্টার, গ্রীল স্থাপন কাজ চলমান। সার্বিক অগ্রগতি-৭০%। অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ চলামন।<br>দুদুকের খুলনা, রংপুর, রাজশাহী, বরিশাল ও সিলেট বিভাগীয় কার্যালয়ের নতুন ভবন নির্মাণ এবং ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের উদ্ধমুখী সম্প্রসারণ কাজ। (রংপুর বিভাগীয় কার্যালয়ের নতুন ভবন নির্মাণ)। সার্বিক অগ্রগতি ৫০%।<br>১। রংপুর জেলায় বিদ্যমান ম্যজিস্ট্রেট কোয়ার্টার এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণের (বাংলো) সংস্কার করার জন্য ব্যয় প্রাক্কলন প্রশাসনিক অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।<br>২। গণপূর্ত বিভাগ, রংপুর এর আওতাধীন প্রকল্পের ভবন নির্মাণে বিল্ডিং কোড যথাযথভাবে অনুসরণপূর্বক প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।<br>৩। রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল, রংপুর-এর পানি নিষ্কাশনের ও টয়লেট মেরামতের কাজ চলমান রয়েছে। ৬টি পৃথক ওয়ার্ডের ওয়াশ ব্লকেরে ইতোমধ্যে ৫টি ওয়াশ ব্লকের কাজ সম্পন্ন করে হস্তান্তর করা হয়েছে। বাকি ২টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। এছাড়াও ১১টি কেবিন এর রিনোভেশন মেরামত কাজ চলমান রয়েছে। সামগ্রিম অগ্রগতি ৯৭%। এছাড়াও সম্প্রতি আরও ১০ টি পৃথক ওয়ার্ডের ওয়াশ ব্লকের রিনোভেশান কাজের দরপত্র আহবান করা হয়েছে। বিধি অনুযায়ী দরপত্রের সকল কার্যক্রম সম্পন্নের পর দ্রুত এই রিনোভেশান কাজ শুর করা হবে।<br>৪। গণপূর্ত বিভাগ, রংপুর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে ভৌত ও আর্থিক অগ্রগতি সামঞ্জস্য ও সমন্বয় করে নিধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br>৫। নির্মিত মডেল মসজিদের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য মডেল মসজিদ কর্তৃপক্ষকে জানানো হয়েছে।<br>৬। জেলা ও উপজেলা পর্যায়ের চলমান প্রকল্পগুলোর বরাদ্দসহ হালনাগাদ তথ্যাদি দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করা হচ্ছে। ৭। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৮। মেরিন একাডেমীক উদ্ধমুখী সম্প্রসারন- কলাম ঢালাই সম্পন্ন, ছাদ ঢালাই প্রস্তুতি চলমান।<br><br>ক) সভাপতি জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, রংপুর এর অফিস মেরামত করার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর সহ সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল, রংপুর -এর পানি নিষ্কাশনের সমস্যা সমাধানের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। রংপুর জেলায় বিদ্যমান ম্যাজিস্ট্রেট কোয়ার্টার এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণের (বাংলো) সংস্কার করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। রংপুর মেডিকের কলেজ হাসপাতাল, রংপুর এর টয়লেটে পিছলে পড়া এড়াতে টয়লেটসমূহে প্লাস্টিকের নন-স্লিপ ম্যাট অন্তর্ভুক্ত করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল, রংপুর -এর টয়লেট মেরামতের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল, রংপুর -এর পানি নিষ্কাশনের সমস্যা সমাধানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। সার্কিট হাউস, রংপুর এর অভ্যন্তরে সৌন্দর্যবর্ধক গাছ লাগানোর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। রংপুর টাউন হল অডিটোরিয়াম সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>বিভাগীয় কমিশনার, রংপুর-এর বাংলো হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং ডিআইজি, রংপুর রেঞ্জ-এর বাংলোর নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৭। গণপূর্ত বিভাগ, রংপুর এর আওতাধীন প্রকল্পের ভবন নির্মাণে বিল্ডিং কোড যথাযথভাবে অনুসরণপূর্বক প্রকল্প বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৮। সার্কিট হাউস এর নতুন ভবন দ্রুত জেলা প্রশাসন বরাবর হস্তান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৯। গণপূর্ত বিভাগ, রংপুর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে ভৌত ও আর্থিক অগ্রগতি সামঞ্জস্য ও সমন্বয় করে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১০। নির্মিত মডেল মসজিদের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১১। জেলা ও উপজেলা পর্যায়ের চলমান প্রকল্পগুলোর বরাদ্দসহ হালনাগাদ তথ্যাদি স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।<br>১২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী<br>গণপূর্ত বিভাগ, রংপুর। |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬০ | **পানি উন্নয়ন বোর্ড, রংপুর:**<br>নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর জানান,<br><br>১। "তিস্তা সেচ প্রকল্পের আওতায় ৬০টি প্যাকেজের মধ্যে সেচখালের ডাইক পুনর্বাসন ও শক্তিশালীকরণ ১৮৫.০০ কিঃমিঃ (৩৯টি প্যাকেজ) ও ৩৭৭টি স্ট্রাকচার নির্মাণ/মেরামত কাজ ( ১৩টি প্যাকেজ), রংপুর পানি উন্নয়ন বিভাগ এর আওতায় হতে অর্ন্তভুক্ত রয়েছে। প্রকল্পের আওতায় ২২১৭৬টি বৃক্ষরোপনের সংস্থান রয়েছে যা MOU এর মাধ্যমে বনবিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। ইতোমধ্যে ২৩টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে, ২৭টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। তংমধ্যে ০১টি প্যাকেজের কাজ বাস্তবায়নের জন্য ১.১৩ একর ভূমি অধিগ্রহনের জন্য অনুযায়ী শ্রেনী পরিবর্তনের কার্যক্রম রাজস্ব শাখা হতে চলমান রয়েছে। গঙ্গাচড়া উপজেলার আলমবিদিতর মৌজায় টি৬এএস৮টি সেচখালের চলমান কাজ নির্ধারিত সময়ে সমাপ্তের জন্য অধিগ্রহনকৃত জমিতে অবৈধভাবে নির্মিত ঘরবাড়ী ও স্থাপনা উচ্ছেদের জন্য ম্যাজিস্ট্রেট নিয়োগ করা প্রয়োজন। প্রকল্পের গড় অগ্রগতি ৭০.৫৯%।<br><br>২। "জলবায়ু পরিবর্তন মোকাবেলায় রংপুর জেলার রংপুর সদর উপজেলাধীন শ্যামাসুন্দরী খাল পুনঃখনন, দূষণরোধ ও বনায়ন কাজ" শীর্ষক প্রকল্প।<br><br>প্রকল্পের আওতায় ভৌত কাজের মোট ০৩টি প্যাকেজ রয়েছে। রংপুর পানি উন্নয়ন বিভাগের আওতায় ১০.০০ কিঃমিঃ খাল খনন( Slushy Earth removal) কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। শ্যামাসুন্দরী খালের পুনঃভরাট রোধ এবং পুনঃখনন ফলপ্রসূ করার লক্ষ্যে ড্রেনের মুখে নেটিং চেম্বারের কাজ রংপুর সিটি কর্পোরেশন, রংপুর কর্তৃক MOU এর মাধ্যমে বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়াও বনায়ন কাজের জন্য সামাজিক বন বিভাগ কর্তৃক (৫০০০টি) বৃক্ষরোপনের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের গড় অগ্রগতি ১৮.০০%।<br><br>৩। Adaptation Initiative for Climate Vulnerable Offshore Small Islands and Riverine Char land in BangladeshProject" (বাপাউবো অংশ) এর আওতায় প্রকল্পের আওতায় ২৩.৬৩ কিঃমিঃ বাঁধ মেরামত কাজ চলমান রয়েছে।, ০.৩৭০ কিঃমিঃ নদীতীর সংরক্ষণ কাজ এবং ১টি পাইপ স্লুইস পুনঃনির্মাণসহ ৫.৪০ কিঃমিঃ খাল পুনঃখনন কাজ সমাপ্ত হয়েছে। প্রকল্পের গড় অগ্রগতি ৬৬.৫১%<br><br>ক) সভাপতি পানি উন্নয়ন বোর্ডের অধীন প্রকল্পের জমি অধিগ্রহণে জেলা প্রশাসকের সাথে সমন্বয় করত: যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন করার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুরকে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি বুড়ি তিস্তা খননে উচ্ছেদের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>গ) সভাপতি শ্যামাসুন্দরী খাল খনন প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুরকে নির্দেশনা প্রদান করেন।<br>ঘ) বন্যায় যাতে নদ-নদীর তীর ও নির্মিত বাঁধ না ভাঙ্গে সে বিষয়ে আগাম পদক্ষেপ গ্রহণ করতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর, নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুরসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।<br>ঙ) সভাপতি রংপুর জেলার দখলকৃত নদী পুনরুদ্ধারের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>চ) সভাপতি পানি উন্নয়ন বোর্ড, রংপুর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয় করে বাস্তবায়নের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। পানি উন্নয়ন বোর্ডের অধীন প্রকল্পের জমি অধিগ্রহণে জেলা প্রশাসকের সাথে সমন্বয় করত: যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বুড়ি তিস্তা খননে উচ্ছেদের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। শ্যামাসুন্দরী খাল খনন প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>৪। বন্যায় যাতে নদ-নদীর তীর ও নির্মিত বাঁধ না ভাঙ্গে সে বিষয়ে আগাম পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। মহিপুর সেতু রক্ষার জন্য এলজিইডি, রংপুর কর্তৃক একটি প্রকল্প গ্রহণ করতে হবে। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পানি উন্নয়ন বোর্ড, রংপুর প্রয়োজনীয় সহায়তা করবেন।<br>৬। রংপুর জেলার দখলকৃত নদী পুনরুদ্ধারের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৭। গৃহীত প্রকল্পসমূহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয় করে বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৮। খাল খননের মাধ্যমে জলাবদ্ধতা নিরসনে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৯। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্নকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১০। পীরগঞ্জ উপজেলার সরকারি বাঁধসমূহের মাটি যাতে দুষ্কৃতিকারীরা বিক্রি করতে না পারে সে বিষয়ে নজরদারী বাড়াতে হবে।<br>১১। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, রংপুর<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৬১</td><td>

**স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, (এইচ ই ডি), রংপুর:**

নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর জানান, তাঁর দপ্তরাধীন নিম্নোক্ত প্রকল্পগুলো চলমান রয়েছে:

<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>কার্যাদেশ মূল্য</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th></tr>
<tr><td>রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতালের অভ্যান্তরে নতুন ডাইগনস্টিক ইমেজিং ভবন নির্মাণ কাজ। (JICA ODA Loan No-BD-P83)<br><br>কার্যাদেশ মূল্য (লক্ষ টাকায়)- ৫২২৫.২৮</td><td>কাজ চলমান</td><td>বর্তমান অগ্রগতি ৮০%</td></tr>
<tr><td>রংপুর মেডিকেল কলেজে ১৩ (তেরো) তলা ভিত্তি সহ ১৩ (তেরো) তলা বিশিষ্ট ছাত্র হোস্টেল ভবন নির্মাণ।<br><br>কার্যাদেশ মূল্য (লক্ষ টাকায়)- ৬৭১৩.৮৫</td><td>কাজ চলমান</td><td>২৫%</td></tr>
<tr><td>রংপুর মেডিকেল কলেজে ১৪ (চৌদ্দ) তলা ভিত্তি এবং সীমানা প্রাচীরসহ ১৪ (চৌদ্দ) তলা বিশিষ্ট ছাত্রী হোস্টেল ভবন নির্মাণ।<br>কার্যাদেশ মূল্য (লক্ষ টাকায়)- ৬৯৫০.৮০</td><td>কাজ চলমান</td><td>১৮%</td></tr>
<tr><td>২০২৫-২০২৬ অর্থ বছরে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্থাপনাতে ১১টি প্যাকেজের মেরামত ও সংস্কার কাজ।<br>কার্যাদেশ মূল্য (লক্ষ টাকায়)- ১৫৭.০৮</td><td>কাজ সমাপ্ত</td><td>গড় অগ্রগতি ১০০%</td></tr>
<tr><td>২০২৫-২০২৬ অর্থ বছরে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ২২টি প্যাকেজের মেরামত ও সংস্কার কাজ। কার্যাদেশ মূল্য (লক্ষ টাকায়)- ১১১.৩২</td><td>কাজ সমাপ্ত</td><td>গড় অগ্রগতি ১০০%</td></tr>
</table>

এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান।

ক) সভাপতি মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তির বিষয়ে নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

খ) সভাপতি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

</td><td>১। মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৬২</td><td>বিসিক, রংপুর:<br>উপমহাব্যবস্থাপক, বিসিক, রংপুর জানান,<br>জেলা প্রশাসক রংপুর মহোদয় কতৃক "বিসিক কৃষি পন্য ও ফল প্রক্রিয়াকরণ শিল্পপার্ক রংপুর" স্থাপনের অনাপত্তি পত্র ইতিমধ্যে বিসিক প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং পরিকল্পনা শাখা, প্রধান কার্যালয়, বিসিক হতে ডিপিপি প্রণয়নের কাজ চলমান।<br><br>নারী উদ্যোক্তাদের উৎপাদিত পন্য বিক্র্য ও ডিসপ্লে করার জন্য একটি ডিসপ্লে ও সেলস সেন্টার নির্মাণের প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে<br>ওয়ান স্টপ সার্ভিস এর আওতায় নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন হয়েছে:
<table>
<tr><td rowspan="3">শিল্পোদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচি</td><td colspan="4">বিবেচ্য মাসে অগ্রগতি</td></tr>
<tr><td>পুরুষ</td><td>মহিলা</td><td>মোট</td><td>কর্মে নিয়োজিত</td></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td rowspan="2">শিল্প প্রতিষ্ঠান নিবন্ধন</td><td colspan="2">ক্ষুদ্র শিল্পের আওতায়</td><td>কুটির শিল্পের আওতায়</td><td>মোট</td></tr>
<tr><td colspan="2">০২ টি</td><td>০৭ টি</td><td>০৯ টি</td></tr>
</table>
এছাড়া, শিল্পনগরীর পানির লাইনের কাজ চলমান। গ্যাস সংযোগের জন্য PGCL কর্তৃক সিপি স্টেশন নির্মাণের কাজ সম্পন্ন এবং শিল্পনগরী রাস্তা ড্রেন-কালর্ভাট ইত্যাদি নিয়মিত পরিচ্ছন্নতার কাজ নিয়মিত তদারকি করা হচ্ছে।<br><br>ক) সভাপতি রংপুর জেলাকে কৃষিভিত্তিক শিল্পনগরীতে রূপান্তরের বিষয়ে উপমহাব্যবস্থাপক, বিসিক, রংপুরকে নির্দেশনা প্রদান করেন।</td><td>১। রংপুর জেলাকে কৃষিভিত্তিক শিল্পনগরীতে রূপান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td><td>উপমহাব্যবস্থাপক<br>বিসিক, রংপুর</td></tr>
<tr><td>৬৩</td><td>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রংপুর:<br>উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রংপুর জানান,<br><br>সকল কার্যক্রমের মধ্যে কারখানা পরিদর্শন ৬০টি, দোকান পরিদর্শন ২২টি, বাণিজ্যিক প্রতিষ্ঠান পরিদর্শন ৩৫টি, নতুন লাইসেন্স কারখানা ০৫টি ৩,০০০/-টাকা, নবায়ন কারখানা ২৫টি ১৩,২০০/-টাকা, দোকান নতুন ০৩টি ৯০০/-টাকা, নবায়ন ১০টি ১৫৪০/-টাকা, প্রতিষ্ঠান নতুন ০২টি ১৫০০/-টাকা ও নবায়ন ০৯টি ৩৪৫০/-টাকা। অভিযোগ প্রাপ্তি ০১টি, নিষ্পত্তি ০১টি। মোট রাজস্ব আদায়=৬৪,৮১৭.৫০/-টাকা। অত্র দপ্তর নিয়মিতভাবে এই ধরণের কার্যক্রম সম্পাদন ও পরিচালনা করে থাকে।</td><td>১। রংপুর জেলায় কতগুলো কলকারখানা রয়েছে তার তথ্য এ কার্যালয়ে দাখিল করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। রংপুর জেলায় নতুন কলকারখানা ও প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। প্রতিষ্ঠান পরিদর্শন ও লাইসেন্স প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। কতগুলো কারখানা পরিদর্শন করা হয়েছে তার ছবিসহ প্রতিবেদন প্রতিমাসে জেলা প্রশাসকের কার্যালয়ে জমা দিতে হবে।<br>৫। বিড়ি ফ্যাক্টরিগুলোতে মোবাইল কোর্টের অভিযান পরিচালনা করতে হবে।<br>৬। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td><td>উপমহাপরিদর্শক<br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রংপুর</td></tr>
</table>

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ৬৪ | **বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই), রংপুর:**<br>উপপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই), রংপুর জানান, এ কার্যালয় কর্তৃক **জুলাই-২০২৬খ্রিঃ** মাসে রংপুর জেলায় নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করা হয়েছে।<br>০১। লাইসেন্স ও ছাড়পত্র এর জন্য আবেদন গ্রহণ- ৩৬টি।<br>০২। লাইসেন্স ও ছাড়পত্র ইস্যু- ২৫টি।<br>০৩। গুনগত মান যাচাই এর জন্য নমুনা সংগ্রহ - ১৭টি।<br>০৪। নমুনা পরীক্ষণ- ২০টি।<br>০৫। কারখানা পরিদর্শন-২৭টি।<br>০৬। লবণ এর নমুনা সংগ্রহ-০৩টি এবং ভোজ্য তেলের নমুনা সংগ্রহ- ০৩টি।<br>০৭। রাজস্ব আদায়- ১৫,৭০,১৯২/- টাকা।<br>এছাড়াও<br>০১। ভ্রাম্যমান আদালতে অংশগ্রহণ- ০৫টি, মামলা দায়ের- ০৬টি এবং জরিমানার পরিমাণ- ১,৯০,০০০/- টাকা।<br>০২। সার্ভিল্যান্স/স্কোয়াড অভিযান পরিচালনা- ০৪টি ।<br>০৩। পেট্রোল পাম্পে ভ্রাম্যমান আদালতে অংশগ্রহণ-০২টি, মামলা দায়ের- ০৩টি এবং জরিমানার পরিমাণ-১,৭০,০০০/- টাকা।<br>ক) সভাপতি রংপুর জেলায় অবস্থিত ভেজাল দুধ, মধু, গুড় উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান/কারখানার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা (অর্থদন্ড এবং কারাদন্ড) গ্রহণের বিষয়ে নিরাপদ খাদ্য অফিসার, রংপুর, উপপরিচালক, বিএসটিআই, রংপুর এবং সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুরকে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি রংপুর জেলায় নিরাপদ খাদ্য নিশ্চিত করতে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই), রংপুর কর্তৃক মাসে কমপক্ষে ৯টি মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। রংপুর জেলায় অবস্থিত ভেজাল দুধ, মধু, গুড় উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান/কারখানার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা (অর্থদন্ড এবং কারাদন্ড) গ্রহণ করতে হবে।<br>২। রংপুর জেলায় নিরাপদ খাদ্য নিশ্চিত করতে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই), রংপুর কর্তৃক মাসে কমপক্ষে ৯টি মোবাইল কোর্ট পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। লবণের আয়োডিন পরীক্ষা ও ভোজ্য তেলের ভিটামিন পরীক্ষা করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। পরিদর্শনের সংখ্যা, তালিকা এবং ছবিসহ প্রতিবেদন জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৫। হোটেলগুলোতে অভিযান পরিচালনা করতে হবে।<br>৬। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | উপপরিচালক<br>বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টি ইনস্টিটিউশন, রংপুর |
| ৬৫ | **সাধারণ বীমা কর্পোরেশন, রংপুর:**<br>ব্যবস্থাপক, সাধারণ বীমা কর্পোরেশন, রংপুর জানান, দপ্তরের নৌ-বীমা, অগ্নি বীমা, মটর বীমা, কন্ট্রাক্টরস অল রিস্ক বিমার কার্যক্রম চালু রয়েছে। আলোচ্য মাসে অত্র শাখা হতে ১৪,৭৭,১১,০৭৩/- টাকার বীমা ঝুঁকি গ্রহন করা হয়েছে।<br>'সাধারণ বীমা কর্পোরেশন' দেশের একমাত্র রাষ্ট্রীয় নন-লাইফ বিমা প্রতিষ্ঠান। "বীমা কর্পোরেশন আইন ২০১৯" ধারা ১৬(১) মোতাবেক বীমাযোগ্য রাষ্ট্রীয় সম্পত্তির বিমা (নন-লাইফ ইন্সুরেন্স) একমাত্র সাধারণ বীমা কর্পোরেশন হতে গ্রহনের বাধ্যবাধকতা রয়েছে এবং ১৬(৩) ধারায় আরো বলা হয়েছে উপধারা ১৬(১) লংঘন করে গৃহীত বা ইস্যুকৃত সকল বীমা বাতিল বলে গন্য হবে।<br>বর্তমানে সরকারি দপ্তরাধীন অনেক উন্নয়ন প্রকল্প চালু আছে। বর্ণিত আইন অনুযায়ী সরকারের যথাযথ স্বার্থ সংরক্ষনের নিমিত্তে, নির্মানাধীন ও বাস্তবায়নাধীন সকল প্রকল্পের ঠিকাদারী কাজের বিপরীতে 'কন্ট্রাক্টর'স অল রিস্ক ইন্সুরেন্স' ও বিমাযোগ্য অন্যান্য সরকারি সম্পদের বীমা পলিসি শুধুমাত্র সাধারণ বীমা কর্পোরেশন হতে গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সরকারি দপ্তরের দপ্তর প্রধান এবং নির্মাণ সংশ্লিষ্ট সরকারি দপ্তরের নির্বাহী প্রকৌশলীগণের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।<br>ক) সভাপতি নীতিমালা অনুযায়ী সাধারণ বীমা কর্পোরেশনের কার্যক্রম পরিচালনা এবং ঠিকাদার প্রতিষ্ঠানকে বীমার আওতায় নিয়ে আসার বিষয়ে ব্যবস্থাপক, সাধারণ বীমা কর্পোরেশন, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। নীতিমালা অনুযায়ী সাধারণ বীমা কর্পোরেশনের কার্যক্রম পরিচালনা এবং ঠিকাদার প্রতিষ্ঠানকে বীমার আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | ১। ব্যবস্থাপক, সাধারণ বীমা কর্পোরেশন, রংপুর<br>২। নির্বাহী প্রকৌশলী (সকল) রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | |
| ৬৬ | **জেলা রেজিস্ট্রারের কার্যালয়, রংপুর :**<br>জেলা রেজিস্ট্রার, রংপুর জানান,<br>জুলাই ২০২৬ মাসে রংপুর জেলার ৮টি উপজেলায়,<br>মোট দলিল সংখ্যা ৬৬১৪ খানা<br>রেজিস্ট্রেশন ফি আদায় ২৫৯৪২৮৬০ টাকা<br>উৎস কর আদায় ৯১৫১২১৩৭.৫০ টাকা<br>স্ট্যাম্প শুল্ক আদায় ৩৫৪৭৩৫২৩টাকা<br>স্থানীয় সরকার কর ১১১৯২২০৩৯.৮৫ টাকা | ১। নিয়মিত দাপ্তরিক কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | জেলা রেজিস্ট্রার রংপুর |

## ৫. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট দপ্তরভিত্তিক আলোচনাঃ

(এসডিজি গোল ১৭)

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬৭ | **বাংলাদেশ টেলিভিশন, রংপুর উপকেন্দ্র, রংপুর:**<br>টেলিভিশন প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান, রংপুর উপকেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন জানান,<br>বাংলাদেশ টেলিভিশন, রংপুর উপকেন্দ্র একটি রাষ্ট্রীয় সম্প্রচার গণমাধ্যম এবং কেপিআইভুক্ত সরকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি রংপুর কেন্দ্রীয় বাস টার্মিনাল সংলগ্ন ঢাকা-দিনাজপুর মহাসড়ক, আর কে রোড, সাতগাড়ায় ১১.৭৮ একর জায়গায় অবস্থিত। ১৯৭৮ সালে স্থাপিত এ প্রতিষ্ঠানটি চর্তুদিকে ১২০ কিলোমিটার এলাকায় টেরিস্ট্রিয়াল সম্প্রচার কার্যক্রম পরিচালনায় মূখ্য ভূমিকা পালন করছে। এ অঞ্চলের জনগোষ্ঠির মাঝে তথ্য, শিক্ষা, খবর, বিনোদনসহ রাষ্ট্রীয় অনুষ্ঠান সম্প্রচার করাই মূল কাজ।বাংলাদেশ টেলিভিশন, রংপুর উপকেন্দ্র একটি ১ (গ) শ্রেণির কেপিআইভুক্ত প্রতিষ্ঠান যার নম্বর-১৯৬। কেপিআই নিরাপত্তা নীতিমালা অনুযায়ী এর সীমানা প্রাচীর হতে ১০ (দশ) মিটারের মধ্যে ভূগর্ভস্থ পয়:নিষ্কাশন পাইপ/সুড়ঙ্গ পথসহ যে কোন স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কেপিআইডিসির মতামত/ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। এ জন্য বিটিভি, রংপুর উপকেন্দ্র হতে সীমানা প্রাচীর সংলগ্ন এলাকায় নিয়মিত পরিদর্শন ও প্রচারণার মাধ্যমে অবহিত করা হয়। নিয়মিত পরিদর্শনের ধারাবাহিকতায় গত ২৩.০৩.২০২৫ তারিখে জমির মালিক জনৈক মো: মোফাজ্জল হোসেন নামক ব্যক্তির নির্মাণ শ্রমিকরা এ উপকেন্দ্রের সীমানা প্রাচীর সংলগ্ন জমিতে স্থাপনা নির্মাণের উদ্দেশ্যে বেসমেন্টের গর্ত করার কাজ শুরু করায় তা বন্ধ করার জন্য জমির মালিক ঘটনাস্থলে উপস্থিত না থাকায় নির্মাণ শ্রমিকদেরকে নির্মাণ কাজ বন্ধ রাখতে বলা হয় এবং জমির মালিককে অফিসে যোগযোগ করতে অনুরোধ করা হয়। জমির মালিক অফিসে যোগাযোগ না করে পুনরায় ২৩.০৪.২০২৫ তারিখে নির্মাণ কাজ শুরু করলে জমির মালিককে না পাওয়ায় নির্মাণ শ্রমিকদেরকে কাজ বন্ধ করতে বলা হয় (নির্মাণাধীন কাজের ছবি সংযুক্ত)। বিষয়টি ২৯.০৪.২০২৫ তারিখে বিটিভি, সদর দপ্তরে এবং ১৩.০৫.২০২৫ তারিখে উপ-পুলিশ কমিশনার (সিটিএসবি), রংপুর ও সভাপতি কেপিআই জরিপ কমিটি, রংপুর মহোদয়কে পত্রের মাধ্যমে অবহিত করা হয়। কিন্তু অদ্যাবধি নির্মাণ কাজ বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ না করায় নির্মাণ কাজ চলমান রয়েছে (ছবি সংযুক্ত)।<br><br>বাংলাদেশ টেলিভিশন, রংপুর উপকেন্দ্র একটি রাষ্ট্রীয় সম্প্রচার গণমাধ্যম এবং কেপিআইভুক্ত সরকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি রংপুর কেন্দ্রীয় বাস টার্মিনাল সংলগ্ন ঢাকা-দিনাজপুর মহাসড়ক, আর কে রোড, সাতগাড়ায় অবস্থিত। প্রতিষ্ঠানটির হালনাগাদ কর পরিশোধ আছে। এ উপকেন্দ্রটির মেইন রোডের সামনে সীমানা প্রাচীর সংলগ্ন সিটি কর্পোরেশন, রংপুর দপ্তরের নিয়ন্ত্রণাধীন ড্রেনটির মুখ একদিকে বন্ধ থাকায় এবং সীমানা প্রাচীর সংলগ্ন বসবাসকারীদের সুয়ারেজ লাইন অবৈধভাবে সীমানা প্রাচীর ভেঙ্গে প্রবেশ করে দেওয়ায় এ উপকেন্দ্রের অভ্যন্তরে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। এতে অফিস অভ্যন্তরে ময়লা পানি প্রবেশ করে রাস্তাঘাট ডুবে যাওয়ায় চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এছাড়াও এ উপকেন্দ্রের অভ্যন্তরে এবং সীমানা প্রাচীর সংলগ্ন জঙ্গল হওয়ায় মশার উপদ্রব বেড়ে যাচ্ছে। সিটি কর্পোরেশনের মাধ্যমে নিয়মিত তদারকি এবং মশা নিধন অভিযান পরিচালনা করা প্রয়োজন। গত ৩১.০৮.২০২৫ তারিখে প্রশাসক ও প্রধান নির্বাহী সিটি কর্পোরেশন, রংপুর মহোদয়কে পত্র দ্বারা অবহিত করা সত্ত্বেও কোনো দৃশ্যমান ব্যবস্থা পরিলক্ষিত হয়নি।<br><br>বাংলাদেশ টেলিভিশন, রংপুর উপকেন্দ্র একটি ১(গ) শ্রেণির কেপিআইভুক্ত প্রতিষ্ঠান যার নম্বর-১৯৬।<br><br>কেপিআই নিরাপত্তা নীতিমালা অনুযায়ী এর সীমানা প্রাচীর হতে ১০ (দশ) মিটারের মধ্যে ভূগর্ভস্থ পয়:নিষ্কাশন পাইপ /<br><br>/সুড়ঙ্গ পথসহ যে কোন স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কেপিআইডিসির মতামত/ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। এ<br><br>জন্য বিটিভি, রংপুর উপকেন্দ্র হতে সীমানা প্রাচীর সংলগ্নএলাকায় নিয়মিত পরিদর্শন ও প্রচারণার মাধ্যমে অবহিত<br><br>করা হয়। নিয়মিত পরিদর্শনের ধারাবাহিকতায় গত ৩০.১১.২০২৫ তারিখে জমির মালিক বিভাগীয় পরিচালক<br><br>(স্বাস্থ্য), রংপুর কার্যালয়ের উচ্চমান সহকারী জনাব মো: আজিজুর রহমান, পি মো: আব্দুল জলিল সাং- পর্যটন | ১। বিটিভি, রংপুর উপকেন্দ্রের কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে আবাসন স্থাপনা নির্মাণ বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২। বিটিভি, রংপুর উপকেন্দ্রের অভ্যন্তরের জলাবদ্ধতা নিরসনকল্পে মেইন রোডের সীমানা প্রাচীর সংলগ্ন বন্ধ ড্রেন সচল করা এবং জঙ্গল অপসারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>৩। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৪। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | ১। টেলিভিশন প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান, রংপুর উপকেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন<br><br>২। প্রধান নির্বাহী কর্মকর্তা রংপুর সিটি কর্পোরেশন রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | মোড়, আর. কে রোড সাতগাড়া থানা: কোতয়ালী জেলা: রংপুর মোবাইল: ০১৭২৩৯৮২০২৪ কর্তৃক এ উপকেন্দ্রের<br><br>উত্তর পশ্চিম সীমানা প্রাচীর সংলগ্ন ফাঁকা জায়গায় মাটি ভরাট করার ফলে প্রা হেলে পড়া পরিলক্ষিত<br><br>হওয়ায় তাৎক্ষনিক ভাবে জমির মালিককে অবহিত করা সত্ত্বেও তিনি কর্ণপাত করেননি। অনাকাঙ্খিত দুর্ঘটনা<br><br>এড়াতে ও রাষ্ট্রীয় কেপিআই ভুক্ত প্রতিষ্ঠানের সার্বিক নিশ্ছিদ্র নিরাপত্তা রক্ষার্থে জরুরিভিত্তিতে ভরাটকৃত<br><br>মাটি অপসারণ করলেও হেলে পড়া প্রাচীর পূর্বের অবস্থায় আনায়ন করেননি।গণপূর্ত বিভাগ,রংপুর কর্তৃক<br><br>সরেজমিন পরিদর্শন পূর্বক দাখিলকৃত প্রতিবেদনে হেলে পড়া সীমানা প্রাচীরের উক্ত অংশ ভেঙ্গে নতুন করে<br><br>নির্মাণ করতে হবে মর্মে প্রতিবেদন দাখিল করেছেন (কপি সংযুক্ত)। এমতাবস্থায়, বিটিভি, রংপুর উপকেন্দ্রের<br><br>কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে মাটি ভরাট করার ফলে হেলে পড়া প্রাচীরের ত রাষ্ট্রের কেপিআইভুক্ত<br><br>অতিগুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের প্রাচীরের সম্পদ ক্ষতি সাধন ও নিরাপত্তা বিঘ্নিত কর উক্ত ব্যক্তির বিরুদ্ধে<br><br>২৪.০৩.২০২৬খ্রি. তারিখের বিভাগীয় কমিশনার, রংপুর কার্যালয়ে 'রংপুর বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি'র<br><br>আলোচনা সভার সিদ্ধান্তে ২৬.০৩.২০২৬ তারিখে রংপুর কোতয়ালী থানায় এফআইআর মামলা নং-৪৩/৯১ দায়ের করা হয়েছে (কপি সংযুক্ত)। আসামী বর্তমানে জামিনে আছে। মামলার আর্থিক মূল্য নিরুপন করার জন্য তদন্তকারী কর্মকর্তা গণপূর্ত বিভাগ, রংপুর কে পত্র দিয়েছেন। পত্রের জবাব প্রাপ্তি সাপেক্ষে মামলার চার্জশীট দাখিল করা হবে বলে তদন্তকারী কর্মকর্তা সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) জনাব মো: একলাছুর রহমান মোবাইল: ০১৭৬৮১৬৮৩৬২ এ অফিস কে জানিয়েছেন। পাশাপাশি কেপিআই প্রতিষ্ঠান হিসেবে বিটিভি, রংপুরের সীমানা প্রাচীরের বাইরে ০৩ (তিন) ফুট ফাঁকা জায়গা উদ্ধারে সহযোগিতা জরুরি।<br><br>রংপুর জেলার বিভিন্ন কেবল অপারেটর, ফিড অপারেটর, হোটেল-রেস্তোরা, খুচরা ও পাইকারী টিভি বিক্রেতার বাণিজ্যিক টিভি লাইসেন্স প্রদান এবং রাজস্ব আদায়ে ভ্রাম্যমান আদালতে ম্যাজিস্ট্রেটকে সহযোগিতা করা হয়। রাজস্ব আদায় বেগবান করার জন্য জেলা প্রশাসনের সহযোগিতা একান্ত কাম্য। এছাড়া সম্প্রচারের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে।<br><br>ক) সভাপতি বিটিভি, রংপুর উপকেন্দ্রের কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে আবাসন স্থাপনা নির্মাণ বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর এবং টেলিভিশন প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান, রংপুর উপকেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন-কে নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি বিটিভি, রংপুর উপকেন্দ্রের অভ্যন্তরের জলাবদ্ধতা নিরসনকল্পে মেইন রোডের সীমানা প্রাচীর সংলগ্ন বন্ধ ড্রেন সচল করা এবং জঞ্জাল অপসারণের বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর এবং টেলিভিশন প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান, রংপুর উপকেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন-কে নির্দেশনা প্রদান করেন। | | |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬৮ | **জেলা তথ্য অফিস, রংপুর:**<br>পরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর জানান, সরকারের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে বহুমুখী প্রচার কার্যক্রমের আওতায় ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও কৃষি ঋণ মওকুফ, বৃক্ষরোপন, নারীর জন্য গাড়ি, ডেঙ্গু প্রতিরোধ, মানব পাচার, মাদক, গুজব, অপপ্রচার, অপরাজনীতি ও সাম্প্রদায়িকতা, বাল্যবিবাহ প্রতিরোধ, নৈতিকতা ও মূল্যবোধ সম্পর্কে সচেতনতা, সামাজিক যোগাযোগ মাধ্যমের সদ্ব্যবহার, পরিবেশ সংরক্ষণ ইত্যাদি প্রচার কার্যক্রমসহ নিয়মিত কার্যক্রম:<br>০১. চলচ্চিত্র প্রদর্শনী-০৬টি<br>০২. পথ প্রচার- ১১টি<br>০৩. পিএই কভারেজ স্থাপন-০৯টি<br>এছাড়াও শিক্ষা, স্বাস্থ্য, মাদক ও বাল্য বিয়ে প্রতিরোধ, নিরাপদ মাতৃত্ব, পানিতে ডুবা প্রতিরোধ, পরিবেশ সুরক্ষা, আইনী সহায়তা, দুর্নীতি, গুজব ও তথ্য অধিকার আইন বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে প্রচার কার্যক্রম বাস্তবায়ন করা হয়।<br>ক) সভাপতি শ্যামাসুন্দরী খালে বিদ্যমান পয়ঃনিষ্কাশনের লাইন অন্যত্র সরিয়ে নেওয়ার জন্য মাইকিং করার বিষয়ে পরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি রংপুর জেলায় অগ্নি দুর্ঘটনা রোধে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের বিষয়ে পরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>গ) সভাপতি ডেঙ্গু জ্বর প্রতিরোধে এডিস মশার প্রজনন বা বিস্তার রোধে জনসচেতনতামূলক প্রচারণা কার্যক্রম পরিচলনার বিষয়ে পরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। শ্যামাসুন্দরী খালে বিদ্যমান পয়ঃনিষ্কাশনের লাইন অন্যত্র সরিয়ে নেওয়ার জন্য মাইকিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। রংপুর জেলায় অগ্নি দুর্ঘটনা রোধে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। ডেঙ্গু জ্বর প্রতিরোধে এডিস মশার প্রজনন বা বিস্তার রোধে জনসচেতনতামূলক প্রচারণা কার্যক্রম পরিচলনার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৫। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | পরিচালক<br>জেলা তথ্য অফিস<br>রংপুর |
| ৬৯ | **জেলা পরিসংখ্যান কার্যালয়, রংপুর:**<br>উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিসংখ্যান কার্যালয়, রংপুর জানান,<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন Bangladesh Poverty Livelihood Statistics (BPLS) প্রকল্পের আওতায় Household Income and Expenditure Survey (HIES) ২০২৬-২৭-এর মাঠপর্যায়ে তৃতীয় টার্মের তথ্য সংগ্রহ কার্যক্রম সমগ্র দেশের ন্যায় রংপুর জেলাতেও চলমান রয়েছে।<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন 'নির্বাচিত শিল্প ও সেবা পরিসংখ্যান জরিপ '(এসএসআইএসএস) প্রকল্পের আওতাধীন 'কুটির শিল্প জরিপ-২০২৬' এর তথ্য সংগ্রহের কার্যক্রম সমগ্র দেশের ন্যায় রংপুর জেলাতেও চলমান রয়েছে।<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং কর্তৃক বাস্তবায়নাধীন 'বাংলাদেশের জেন্ডার স্ট্যাসিটিক্স শক্তিশালীকরণ' প্রকল্পের আওতায় পরিচালিত Time Use Survey (TUS) ২০২৬-২৭ এর মূল জরিপের তথ্য সংগ্রহের কার্যক্রম সমগ্র দেশের ন্যায় রংপুর জেলাতেও চলমান রয়েছে।<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ শীর্ষক ৩য় জরিপের (২০২৬-২৭) এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২৬) মাঠ পর্যায়ে তথ্যসংগ্রহ কার্যক্রম সমগ্র দেশের ন্যায় রংপুর জেলাতেও চলমান রয়েছে।<br>ভোক্তার মূল্যসূচক (CPI) নিরূপণের জন্য ৩টি দরছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সম্পর্কিত তথ্য সংগ্রহপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও BMPI, QIIP ও PPI এবং | ১। দাপ্তরিক নিয়মিত কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | উপপরিচালক (ভারপ্রাপ্ত)<br>জেলা পরিসংখ্যান কার্যালয়<br>রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | WRI নিরূপণের জন্য নির্ধারিত দরছকের মাধ্যমে তথ্য সংগ্রহপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>রংপুর জেলার প্রত্যেক উপজেলা হতে কৃষি মজুরী হারের তথ্য সংগ্রহপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | | |

## ০৬. স্থানীয় সরকার এবং সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট দপ্তরভিত্তিক আলোচনাঃ

(এসডিজি গোল ১, ৬, ১১)

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭০ | **রংপুর সিটি কর্পোরেশন :**<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর জানান,<br>ক) "লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি)" শীর্ষক প্রকল্প এর আওতায় ৩০টি প্যাকেজের মধ্যে ১৯টি কাজ সমাপ্ত হয়েছে এবং ১১ টি প্যাকেজের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৮৮%।<br>খ) "প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের অধীনে ২টি প্যাকেজের আওতায় ৪টি ৬ষ্ঠ তলা বিশিষ্ট স্বল্প ব্যয়ে আবাসন ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে৷ কাজের গড় অগ্রগতি ৮৬%।<br>গ) রংপুর সিটি কর্পোরেশনের উন্নয়ন/রাজস্ব তহবিলের আওতায় ৮টি প্যাকেজের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৭৪%।<br>স্থানীয় সরকার বিভাগে জরুরী কাজে ঢাকায় অবস্থান করার কারণে গত ১৫/০৩/২০২৬ খ্রি. তারিখের সভায় উপস্থিত থাকা সম্ভব হয়নি, বিধায় সভায় প্রতিনিধি প্রেরণ করা হয়েছে৷ বিটিভি, রংপুর উপকেন্দ্রের কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে আবাসন স্থাপনা নির্মাণ বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ অভিযোগের প্রেক্ষিতে গ্রহণ করা হয়েছে৷ বিটিভি, রংপুর উপকেন্দ্রের অভ্যন্তরের জলাবদ্ধতা নিরসনকল্পে মেইন রোডের সীমানা প্রাচীর সংলগ্ন বন্ধ ড্রেন সচল করার লক্ষ্যে সরকারি বাজেট সাপেক্ষে গ্রহণ করা হবে এবং জঞ্জাল অপসারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে৷ পর্যটন মোটেলের জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণসহ প্রয়োজনীয় ব্যবস্থা সরকারি বাজেট সাপেক্ষে গ্রহণ করা হবে৷<br>রংপুর বিভাগীয় শহর যানজটমুক্তকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়ে ট্রাফিক সিগন্যাল স্থাপন করা হয়েছে৷ ইহা ছাড়াও ফুটওভার ব্রিজ নির্মাণ করা হয়েছে৷ পর্যায়ক্রমে আরো ফুটওভার ব্রীজ নির্মাণ এবং ট্রাফিক সিগন্যাল স্থাপন করা হবে৷<br>ক. জনসাধারণের চলাচলের জন্য ফুটপাত নির্বিঘ্ন রাখতে অবৈধ দখলকারীদের উচ্ছেদ কার্যক্রম রংপুর সিটি কর্পোরেশনের ম্যাজিস্ট্রেটের বদলীজণিত কারণে আপাততঃ স্থগিত রয়েছে৷<br>খ. জনসাধারণের চলাচলের জন্য ফুটপাতের উপর অবৈধ স্থাপনা অপসারণে সচেতনামূলক কার্যক্রম চলমান।<br>যেসকল বাড়ির পয়ঃনিষ্কাশনের লাইন শ্যামাসুন্দরী খালে রয়েছে যেসকল বাড়ির মালিকের বিরুদ্ধে মোবাইল কোর্ট বা উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কার্যক্রম চলমান।<br>রংপুর সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু জ্বর প্রতিরোধে এডিস মশার প্রজনন বা বিস্তার রোধে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ, মাইকিং, প্রতিনিয়ত শহর পরিষ্কারকরণসহ মশার উৎপত্তি স্থল শহরের সকল খাল, নালা, ড্রেন, জলাশয়, ক্যানেল, কাঁচা বাজার, সরকারি বেসরকারি অফিস ও স্থাপনায় মশক নিধন স্প্রে করা হচ্ছে৷<br>রংপুর সিটি কর্পোরেশনের রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে রাস্তার পাশে ডাস্টবিন স্থাপনের জন্য ঠিকাদার নির্ধারণপূর্বক কাজ শুরু করা হয়েছে৷<br>রংপুর সিটি কর্পোরেশন হতে প্রদত্ত চারিত্রিক সনদ, নাগরিকত্ব সনদ, ওয়ারিশ সনদ সহ অন্যান্য সনদপত্র সমূহ নতুন ফরমেটে প্রিন্ট করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে৷<br>রংপুর সিটি কর্পোরেশন এলাকায় জলাতংক রোগ নিরাময়ের জন্য জনসচেতনামূলক কার্যক্রম চলমান। কুকুর, বিড়ালসহ সংশ্লিষ্ট জলাতংক রোগ সংক্রামণ প্রাণীর আক্রমণ ব্যক্তিদের জলাতংক রোগ নিরাময়ের ভ্যাকসিন প্রদান করা হয়ে থাকে৷<br>রংপুর সিটি কর্পোরেশনে নাগরিক সেবা নিশ্চিতকরণের কাজ চলমান।<br>রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করা হচ্ছে৷<br>সংস্কার কাজ চলমান রয়েছে৷<br>শ্যামাসুন্দরী খালের উন্নয়ন কাজ পানি উন্নয়ন বোর্ড, রংপুরকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক দায়িত্ব প্রদান করা হয়েছে৷ | ১। বিটিভি, রংপুর উপকেন্দ্রের কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে আবাসন স্থাপনা নির্মাণ বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বিটিভি, রংপুর উপকেন্দ্রের অভ্যন্তরের জলাবদ্ধতা নিরসনকল্পে মেইন রোডের সীমানা প্রাচীর সংলগ্ন বন্ধ ড্রেন সচল করা এবং জঞ্জাল অপসারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। পর্যটন মোটেলের জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। রংপুর বিভাগীয় শহর যানজট মুক্তকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। জনসাধারণের চলাচলের জন্য ফুটপাত নির্বিঘ্ন রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। যেসকল বাড়ির পয়ঃনিষ্কাশনের লাইন শ্যামাসুন্দরী খালে রয়েছে সেসকল বাড়ির মালিকদের বিরুদ্ধে মোবাইল কোর্ট বা উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৭। ডেঙ্গু জ্বর প্রতিরোধে এডিস মশার প্রজনন বা বিস্তার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৮। রংপুর সিটি কর্পোরেশনের রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে রাস্তার পাশে ডাস্টবিন স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৯। রংপুর জেলার জনসাধারণের যাতায়াতের সুবিধার্থে জাহাজ কোম্পানী মোড় হতে মাহিগঞ্জ পর্যন্ত রাস্তা মেরামতের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১০। রংপুর সিটি কর্পোরেশন হতে প্রদত্ত চারিত্রিক সনদ, নাগরিকত্ব সনদ, ওয়ারিশ সনদ সহ অন্যান্য সনদপত্র সমূহ নতুন ফরমেটে প্রিন্ট করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১১। রংপুর জেলায় জলাতংক রোগ নিরাময়ে জনসচেতনা বৃদ্ধি করা এবং কুকুরকে ভ্যাকসিন প্রদানে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১২। রংপুর সিটি কর্পোরেশনে নাগরিক সেবা নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১৩। রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>১৪। দ্রুততম সময়ের মধ্যে সংস্কার কাজ চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১৫। শ্যামাসুন্দরী খাল এবং কেডি খাল পরিস্কার পরিচ্ছন্নপূর্বক পানি প্রবাহ সচল রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১৬। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা রংপুর সিটি কর্পোরেশন রংপুর<br>২। সহকারী পরিচালক পরিবেশ অধিদপ্তর, রংপুর<br>৩। সিভিল সার্জন, রংপুর<br>৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা রংপুর<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর<br>৬। টেলিভিশন প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান, রংপুর উপকেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>রংপুর সিটি কর্পোরেশনের উদ্যোগে শ্যামাসুন্দরী খালটি তিন ধাপে পরিষ্কার-পরিচ্ছন্নের কাজ চলমান রয়েছে। স্বল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়নের কাজ চলমান রয়েছে।</td><td>করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৭১</td><td>জেলা পরিষদ, রংপুর:<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর জানান,<br>২০২৪-২০২৫ অর্থবছরে জেলা পরিষদের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচি তহবিলের প্রকল্প বাস্তবায়নের সার সংক্ষেপ নিম্নরূপ:
<table>
<tr><th>খাতের নাম</th><th>মোট বরাদ্দের পরিমাণ</th><th>মোট প্রকল্পের সংখ্যা</th><th>গড় অগ্রগতি</th></tr>
<tr><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি সাধারণ</td><td>৫১৪.৫০ লক্ষ</td><td>২৭০টি</td><td>১০০%</td></tr>
<tr><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি বিশেষ</td><td>৪০৫.৯৭৫ লক্ষ</td><td>১৮টি</td><td>৯৫%</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৯২০.৪৭৫ লক্ষ</td><td>২৮৮টি</td><td></td></tr>
</table>
২০২৫-২০২৬ অর্থবছরে জেলা পরিষদের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচি তহবিলের প্রকল্প বাস্তবায়নের সার সংক্ষেপ নিম্নরূপ:
<table>
<tr><th>খাতের নাম</th><th>মোট বরাদ্দের পরিমাণ</th><th>মোট প্রকল্পের সংখ্যা</th><th>গড় অগ্রগতি</th></tr>
<tr><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি সাধারণ</td><td>৫৭১.২৮ লক্ষ</td><td>৩৫৮টি</td><td>৪০%</td></tr>
<tr><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি বিশেষ</td><td>১১৭.০০ লক্ষ</td><td>৩৯টি</td><td>৪০%</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৬৮৮.২৮ লক্ষ</td><td>৩৯৭টি</td><td></td></tr>
</table>
ক) সভাপতি জেলা পরিষদ, রংপুর এর প্রকল্পসমূহের দ্বৈততা পরিহারে জেলা পরিষদের সভায় উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি রংপুর জেলার উপযুক্ত স্থানে নান্দনিক গেট নির্মাণের বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br>গ) সভাপতি অনুমোদিত ডিজাইন অনুযায়ী জুলাই স্মৃতিস্তম্ভের আনুষঙ্গিক কাজ সমাপ্তের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।</td><td>১। প্রকল্পসমূহের দ্বৈততা পরিহারে জেলা পরিষদের সভায় উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। রংপুর জেলার উপযুক্ত স্থানে নান্দনিক গেট নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। অনুমোদিত ডিজাইন অনুযায়ী জুলাই স্মৃতিস্তম্ভের আনুষঙ্গিক কাজ সমাপ্তের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>৪। জনসেবামূলক প্রকল্পসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন এবং ব্যক্তি পর্যায়ের প্রকল্পসমূহ উপকারভোগীর নিকট প্রদান নিশ্চিত করতে হবে।<br>৫। গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>৬। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি কর্ম পরিকল্পনা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>১। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, রংপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর।</td></tr>
<tr><td>৭২</td><td>জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, রংপুর:<br>সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, রংপুর জানান, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, রংপুরের জুলাই/২০২৬ মাসে বিনিয়োগকারীদের ০২ কোটি ৮৭ লক্ষ ৫৮ হাজার টাকা মুনাফা পরিশোধ করা হয়েছে। চলতি মাসে বিনিয়োগের পরিমাণ ০৮ কোটি ৬১ লক্ষ টাকা মাত্র। পুন:বিনিয়োগ ০০ কোটি ৫৯ লক্ষ টাকা মাত্র। বিনিয়োগকারির সংখ্যা ১৬৮ জন এবং উৎসে কর কর্তনের পরিমাণ ২৭ লক্ষ ৪৪ হাজার টাকা মাত্র।<br><br>বিনিয়োগকারী নয় কিংবা অত্র দপ্তরের গ্রাহক নন কিন্তু ভবিষ্যতে সঞ্চয়পত্রে বিনিয়োগ করতে পারেন কিংবা অত্র দপ্তরের বিনিয়োগকারী হতে পারেন এমন সেবা প্রত্যাশী প্রায় ৮০ জন নাগরিককে তথ্য সেবা প্রদান করা হয়েছে।<br><br>নভেম্বর-২৫ খ্রিস্টাব্দ হতে প্রতিমাসের তৃতীয় মঙ্গলবার অত্র দপ্তরে সকাল ১১.০০ ঘটিকায় গণশুনানী করা হচ্ছে। কোন বিনিয়োগকারী/ নাগরিকগণের সঞ্চয়পত্র সংক্রান্ত সমস্যা, অভিযোগ বা পরামর্শ থাকলে গণশুনানীতে অংশগ্রহণ করতে পারেন।<br><br>জুলাই-২০২৬ খ্রিস্টাব্দ হতে জুন-২০২৭ খ্রিস্টাব্দ পর্যন্ত ০১(এক) মাসে পুন:বিনিয়োগসহ অর্জিত অগ্রগতি বিনিয়োগের পরিমাণ ০৯ কোটি ২০ লক্ষ টাকা মাত্র। বিনিয়োগকারির সংখ্যা ১৬৮ জন। উৎসেকর কর্তনের পরিমাণ ২৭ লক্ষ ৪৪ হাজার টাকা মাত্র।<br>সম্প্রতি জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, রংপুর বাংলাদেশ ব্যাংক প্রাঙ্গন হতে</td><td>১। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। স্বল্পমেয়াদি/দীর্ঘমেয়াদি কর্ম পরিকল্পনা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>১। সহকারী পরিচালক জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, রংপুর</td></tr>
</table>

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হাউজ ২৫৯, রোড: ৫/১, মুলাটোল, রংপুর এ স্থানান্তরিত হয়েছে। বিষয়টি সকলের অবগত করা হলো। | | |
| ৭৩ | **জীবন বীমা কর্পোরেশন, রংপুর:**<br><br>ডেপুটি ম্যানেজার ইনচার্জ, জীবন বীমা কর্পোরেশন, রংপুর জানান, চলতি বছরে গত ৩০/০/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত রংপুর রিজিওনাল অফিসের আওতায় মোট ৫৫০৯ জন বীমা গ্রাহককে বিভিন্ন দাবী বাবদ সর্বমোট ১২৩৮০৮০০০/- টাকা প্রদান করা হয়েছে।<br><br>সেলস্ অফিস-৮৬, রংপুর ৩০/০৭/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত ১ম বর্ষ প্রিমিয়াম আয় ৩৬৭৫০০০/- টাকা এবং ২য় বর্ষ ও নবায়ন প্রিমিয়াম ৫৫৪৯৬০০০/- টাকা আয় হয়েছে।<br><br>জীবন বীমা কর্পোরেশনের ৩৫ টি বীমা স্কীম সমূহের মধ্যে জেবিসি পেনশন বীমা, একক প্রিমিয়াম পলিসি, শিক্ষা বীমা, শিশু নিরাপত্তা বীমা, তিন কিস্তি বীমা, বহু কিস্তি বীমা, হজ্জ বীমা ও ট্রিপল প্রটেকশন বীমা বেশ জনপ্রিয় এবং সকল বীমা স্কীম অত্যান্ত লাভজনক।<br><br>আজই একটি বীমা স্কীম গ্রহণ করে নিজের ও পারিবারের সদস্যদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করুন। আমাদের সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে পরিচালিত হয়।<br><br>রংপুর জেলার ৮টি উপজেলা ও ইউনিয়নসমূহে কর্মরত উন্নয়ন ম্যানেজার, উন্নয়ন অফিসার ও এজেন্টগণ নতুন বীমা গ্রাহক সংগ্রহের কাজ চালিয়ে যাচ্ছেন। তাদেরকে সার্বিক সহযোগিতা দানের জন্য রংপুর জেলা ও এর অন্তর্ভুক্ত উপজেলার বিভিন্ন স্তরের কর্মকর্তাদের অনুরোধ জানানো হলো।<br>উল্লেখ্য, জীবন বীমা পলিসি গ্রহণ করলে আয়কর থেকে রেয়াত পাওয়া যায়। আমাদের সকল বীমা স্কীমসমূহ অত্যান্ত লাভজনক।<br><br>গ্রাহকদের সবিধার্থে: BEFTN, Dutch Bangla Bank PLC, Agrani Bank PLC এর যে কোন শাখায় এবং মোবাইল ব্যাংকিং : বিকাশ, নগদ, রকেট ও সেক্সাস পে এর মাধ্যমে প্রিমিয়াম/কিস্তির টাকা জমা দেয়া যায়। | ১। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। স্বল্পমেয়াদি/দীর্ঘমেয়াদি কর্ম পরিকল্পনা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ডেপুটি ম্যানেজার ইনচার্জ<br>জীবন বীমা কর্পোরেশন<br>রংপুর |

## ০৭. আইন শৃঙ্খলা ও নিরাপত্তা সংশ্লিষ্ট দপ্তরভিত্তিক আলোচনাঃ

(এসডিজি গোল ১৬)

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৭৪</td><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর:<br>সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর জানান, মার্চ/২৬ মাসে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন হয়েছে:
<table>
<tr><td rowspan="5">অগ্নিকান্ড</td><td>সংখ্যা</td><td>৩৫ টি</td></tr>
<tr><td>আনুমানিক ক্ষতি</td><td>৪৬,৭৪,০০০/-</td></tr>
<tr><td>আনুমানিক উদ্ধার</td><td>১,৩৬,২০,০০০/-</td></tr>
<tr><td>আহত</td><td>০ জন</td></tr>
<tr><td>নিহত</td><td>০১ জন</td></tr>
<tr><td rowspan="3">সড়ক-দুর্ঘটনা</td><td>সংখ্যা</td><td>২৬ টি</td></tr>
<tr><td>আহত</td><td>২৭ জন</td></tr>
<tr><td>নিহত</td><td>০৪ জন</td></tr>
<tr><td rowspan="3">নৌ-দুর্ঘটনা</td><td>সংখ্যা</td><td>১৪ টি</td></tr>
<tr><td>আহত</td><td>০ জন</td></tr>
<tr><td>নিহত</td><td>১৪ জন</td></tr>
<tr><td rowspan="3">ব্লুমে আটকা পড়া-দুর্ঘটনা</td><td>সংখ্যা</td><td>০২ টি</td></tr>
<tr><td>আহত</td><td>০২ জন</td></tr>
<tr><td>নিহত</td><td>০ জন</td></tr>
<tr><td colspan="2">মোট দুর্ঘটনার সংখ্যা (অগ্নিকান্ড ব্যতিত)</td><td>৪২ টি</td></tr>
<tr><td colspan="2">মোট আহতের সংখ্যা</td><td>২৯ জন</td></tr>
<tr><td colspan="2">মোট নিহতের সংখ্যা</td><td>১৯ জন</td></tr>
<tr><td colspan="2">এ্যামুলেন্স দ্বারা রোগী পরিবহণ</td><td>০১ জন</td></tr>
<tr><td colspan="2">রোগী পরিবহণে ফি আদায়</td><td>১,৯১০/-</td></tr>
<tr><td colspan="2">ওয়্যারহাউজ লাইসেন্স মাশুল আদায়</td><td>৯,০৮,২৯৮/-</td></tr>
<tr><td colspan="2">প্রশিক্ষণের সংখ্যা</td><td>০ টি</td></tr>
<tr><td colspan="2">প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>০ জন</td></tr>
<tr><td colspan="2">গণসংযোগের সংখ্যা</td><td>০ টি</td></tr>
<tr><td colspan="2">মহড়ার সংখ্যা</td><td>০ টি</td></tr>
<tr><td colspan="2">পরিদর্শনের সংখ্যা</td><td>০ টি</td></tr>
</table>
এছাড়াও অন্যান্য দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।</td><td>১। সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থদের সরকার প্রদত্ত আর্থিক সহায়তা কার্যক্রম ব্যাপক প্রচারের জন্য সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, রংপুর সহ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ করবেন।<br>২। রংপুর জেলায় অবস্থিত সকল সরকারি অফিসসমূহে অগ্নি নির্বাপণ ব্যবস্থা নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td><td>১। সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স<br>রংপুর<br><br>২। সহকারী পরিচালক (ইঞ্জিঃ)<br>বিআরটিএ, রংপুর</td></tr>
<tr><td>৭৫</td><td>জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর:<br>জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর এর পক্ষে জানানো হয়, সরকার ঘোষিত কেপিআই এবং জাতীয় গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা সংরক্ষণের আওতায় অত্র জেলার সরকারি ঘোষিত/বেসরকারি মোট ৯৯টি কেপিআই/সংস্থায় ৭৪৩ জন অঙ্গীভূত আনসার সদস্য নিরাপত্তার সহিত সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করছে।<br>বিভিন্ন জেলার এবং রংপুর জেলা কর্তৃক আয়োজিত গত ০৫.০৭.২০২৬ খ্রি. তারিখ হতে ০২.১০.২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ৯০ দিন মেয়াদি জাপানিজ ভাষা শিক্ষা প্রশিক্ষণ জেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষণকেন্দ্র মাহিগঞ্জ, রংপুরে চলমান রয়েছে।<br>জুলাই/২৬ মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ভোক্তা অধিকার অধিদপ্তর কর্তৃক বাজার তদারিক কার্যক্রম অত্র কার্যালয়ে মোতায়েনকৃত আনসার ব্যাটালিয়ন সদস্যদের সহায়তায় ০৫ টি অভিযান পরিচালনা করা হয়। মামলার সংখ্যা ১৭টি এবং জরিমানা আদায় করা হয় ১০০৫০০/-।</td><td>১। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td><td>১। জেলা কমান্ড্যান্ট<br>আনসার<br>ও<br>গ্রাম প্রতিরক্ষা বাহিনী,<br>রংপুর</td></tr>
</table>

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭৬ | **বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রংপুর :**<br>উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রংপুর জানান,<br>জুলাই/২০২৬ মাসে নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করা হয়:<br>১। ক) ই-পাসপোর্ট আবেদন জমা (সাধারণ) ১৬৫৬টি<br>খ) ই-পাসপোর্ট আবেদন জমা (জরুরি) ৭১২টি<br>২। মোট ই-পাসপোর্ট অনিস্পন্ন আবেদন ২৬টি<br>৩। মোট ই-পাসপোর্ট বিতরণ ১৯২৩টি<br>৪। এম আর ভি আবেদন জমা ৩২টি<br>৫। এম আর ভি বিতরণ ৩১টি।<br>ক) সভাপতি রংপুর জেলায় নাগরিক সেবা নিশ্চিত করতে সময়মত পাসপোর্ট প্রদান নিশ্চিত করার বিষয়ে উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও | ১। রংপুর জেলায় নাগরিক সেবা নিশ্চিত করতে সময়মত পাসপোর্ট প্রদান নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩। নাগরিক সেবা নিশ্চিত করতে হবে।<br>৪। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে। | উপপরিচালক<br>বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রংপুর |
| ৭৭ | **পুলিশ কমিশনারের কার্যালয়, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর:**<br>পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশের পক্ষে জানানো হয়,<br>১। <u>হাজিরহাট থানা, আরপিএমপি, রংপুর</u> : রংপুর মেট্রোপলিটন পুলিশের হাজিরহাট থানাটি উত্তম ইউনিয়ন পরিষদ কার্যালয়টি ভাড়া নিয়ে অস্থায়ীভাবে থানার সার্বিক কার্যক্রম চলমান। হাজিরহাট থানা কমপ্লেক্স ভবন ও অন্যান্য স্থায়ী স্থাপনা নির্মাণের নিমিত্ত রংপুর জেলার সদর উপজেলাধীন জেএল নং-৫২, উত্তম মৌজায় ০.৭৫ (পঁচাত্তর শতক) একর ব্যক্তি মালিকানাধীন জমি বাংলাদেশ পুলিশের অনুকূলে অধিগ্রহণের জন্য এলএ কেস ২৩/২০২০-২০২১ সৃজিত হয়। এলএ কেস মূলে জমি অধিগ্রহণ বাবদ প্রাক্কলিত অর্থ ৫,৯১,৩২,৮১৬.৫২/- (পাঁচ কোটি একানব্বই লক্ষ বত্রিশ হাজার আটশত ষোল টাকা বায়ান্নো পয়সা) টাকা অধিগ্রহণ খাতে অর্থ স্থগিত হওয়ায় ১২০ কার্যদিবসের মধ্যে অর্থ জমা প্রদান করা সম্ভব হয়নি। বিধায় এলএ কেস ২৩/২০২০-২০২১ এর সকল কার্যক্রম বাতিল এবং গত ২১/০৯/২০২৩ খ্রি. গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়।<br><br>"দেশের বিভিন্ন স্থানে বাংলাদেশ পুলিশের থানার প্রশাসনিক কাম ব্যারাক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত ১০৭ টি থানার জন্য নতুন ভবন নির্মাণ করা হবে। উক্ত প্রকল্পের অন্তর্ভুক্ত আরপিএমপি, রংপুরের হাজিরহাট থানা ভবন নির্মাণের জন্য বাংলাদেশ পুলিশ বিভাগের অনুকূলে নিজস্ব জমি নেই। আলোচ্য প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার জন্য গত ২৭/০৭/২০২৫ খ্রি. ডিআইজি (ডেভেলপমেন্ট), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা ও প্রকল্প পরিচালক এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় "যে সব কেন্দ্রের জমির অপর্যাপ্ততা রয়েছে/জমি নেই সেগুলোর জমি প্রাপ্তির/সংগ্রহের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিট প্রধানকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়"। প্রকল্পটি জুন, ২০২৭ এ সমাপ্তির জন্য নির্ধারিত। উক্ত সময়ের মধ্যে যদি জমি পাওয়া না যায় তাহলে কেন্দ্রগুলো বাতিল হয়ে যাবে।<br><br>অত্র কার্যালয় স্মারক নং-রংপুর মেট্রো/ইএন্ডডি/১৪৮ তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রি. মূলে আরপিএমপি,রংপুরের হাজিরহাট থানা কমপ্লেক্স ভবন ও অন্যান্য স্থায়ী স্থাপনা নির্মাণের নিমিত্ত ব্যক্তি মালিকানাধীন ০.৭৫ (পঁচাত্তর শতক) একর জমি বাংলাদেশ পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের প্রস্তাব জেলা প্রশাসক, রংপুর বরাবর প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে গত ৩০/১০/২০২৫ খ্রি. যৌথভাবে সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্তে 'অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)' রংপুর মহোদয় সরেজমিনে পরিদর্শন করেন। পরবর্তীতে গত ২৮/০১/২০২৬ খ্রি. প্রস্তাবিত জমি অধিগ্রহণের নিমিত্তে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরে জেলা স্থান নির্বাচন কমিটির সভা অনুষ্ঠিত হয়। অতঃপর ০৩/২০২৫-২০২৬ এল.এ কেস মূলে অধিগ্রহণের জন্য প্রস্তাবিত সম্পত্তির বর্তমান অবস্থা ও প্রকৃতি পর্যালোচনাসহ ভূমিতে বিদ্যমান সকল প্রকার অবকাঠামো, ফসল ও বৃক্ষরাজির স্থির চিত্র ও ভিডিও ধারণ করা হয়েছে। একইসাথে সরেজমিনে প্রাপ্ত তথ্যাদি সম্বলিত একটি বিস্তারিত বিবরণী প্রস্তুতকরণের কাজ শেষ হয়েছে। গত ২২/০৪/২০২৬ খ্রি. প্রস্তাবিত জমির যৌথ তদন্ত ও ফিল্ডবুক প্রস্তুতকরণ সম্পন্ন হয়েছে।<br><br>২। <u>তাজহাট থানা, আরপিএমপি, রংপুর</u> : বর্তমানে তাজহাট থানার সকল কার্যক্রম রংপুর মেট্রোপলিটন পুলিশের অধিগ্রহণকৃত পুলিশ লাইন্সের সেমি পাকা ভবন মেরামত/সংস্কার এবং পুনঃ নির্মাণ করে অস্থায়ীভাবে চলমান। রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর-এর তাজহাট থানা কমপ্লেক্স ভবন ও অন্যান্য স্থায়ী স্থাপনা নির্মাণের নিমিত্ত রংপুর জেলার সদর উপজেলাধীন | ১। পুলিশ কমিশনার কার্যালয়, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>২। মাহিগঞ্জ থানা ভবন নির্মাণের জন্য নির্বাচিত স্থানে বসবাসরত হরিজন সম্প্রদায়ের লোকজনকে অন্যত্র পুনর্বাসন করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>৩। রংপুর জেলায় অবস্থিত সকল সরকারি দপ্তরসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। রংপুর চিড়িয়াখানা, সুরভী উদ্যান, চিকলি ওয়াটার পার্ক সহ রংপুর শহরের সকল বিনোদন কেন্দ্রে স্কুল ড্রেস পরিহিত শিক্ষার্থীর প্রবেশ নিষিদ্ধ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। আইন-শৃঙ্খলা পরিস্থিতির যেন কোনোভাবেই অবনতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। মিথ্যা গুজব ছড়িয়ে কেউ যেন সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট না করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৭। মাদক, জঙ্গিবাদ ও সন্ত্রাস দূর করতে হবে। নিরীহ ধর্মপ্রাণ মানুষ যাতে জঙ্গিবাদে জড়িত না হয় সে জন্য সচেতনতা তৈরির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৮। যুবসমাজকে মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ থেকে মুক্ত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৯। বাল্যবিবাহ, ইভটিজিং, খাদ্যে ভেজাল, নকল পণ্য তৈরি ইত্যাদি অপরাধ প্রতিরোধে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করতে হবে। | ১। পুলিশ কমিশনার<br>রংপুর মেট্রোপলিটন পুলিশ<br>রংপুর<br><br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর<br><br>২। সহকারী পরিচালক<br>পরিবেশ অধিদপ্তর, রংপুর<br><br>৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | জেএল নং-৯৭ তাজহাট মৌজায় ০.৭৫ (পঁচাত্তর শতক) একর ব্যক্তি মালিকানাধীন জমি বাংলাদেশ পুলিশের অনুকূলে অধিগ্রহণের নিমিত্তে এলএ কেস ০২/২০২১-২০২২ সৃজিত হয়। এলএ কেস মূলে জমি অধিগ্রহণ বাবদ প্রাক্কলিত অর্থ ৮,৮৪,৫৪,৪৫৯.১৬/- (আট কোটি চুরাশি লক্ষ চুয়ান্ন হাজার চারশত উনষাট টাকা ষোল পয়সা) অধিগ্রহণ খাতে অর্থ স্থগিত হওয়ায় ১২০ কার্যদিবসের মধ্যে অর্থ জমা প্রদান করা সম্ভব হয়নি। বিধায় এলএ কেস ০২/২০২১-২০২২ এর সকল কার্যক্রম বাতিল এবং গত ২৮/১২/২০২৩ খ্রি. গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। আরপিএমপি, রংপুরের তাজহাট থানা নির্মাণের জন্য বাংলাদেশ পুলিশ বিভাগের অনুকূলে জমি অধিগ্রহণের নিমিত্ত পুনরায় এলএ কেস সৃজনের মাধ্যমে জেলা প্রশাসক, রংপুর বরাবর স্মারক নং-রংপুর মেট্রো/ইএন্ডডি/১৪৬ তারিখ : ২৯/০৫/২০২৪ খ্রি. মূলে পত্র প্রেরণ করা হয়। জমি অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে দ্রুত এলএ কেস সৃজন পূর্বক প্রাক্কলন প্রস্তুত করা প্রয়োজন।<br><br>৩। <u>পুলিশ কমিশনারের কার্যালয়, রংপুর</u> : বিগত ১৬/০৯/২০১৮ খ্রি. রংপুর মেট্রেপলিটন পুলিশ, রংপুর এর আনুষ্ঠানিকভাবে অপারেশনাল ও প্রশাসনিক কার্যক্রম শুরু হয়। পুলিশ কমিশনারের কার্যালয় পরিচালনার জন্য জেলা প্রশাসকের পুরাতন ভবনের ৩য় তলায় নির্মাণ/সংস্কার করে অস্থায়ীভাবে পুলিশ কমিশনারের সার্বিক কার্যক্রম পরিচালনা হচ্ছে। কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, বিভিন্ন শাখা, সার্বিক কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় অত্র ভবনের ৩য় তলায় পুলিশ কমিশনার অফিসের স্থান সংকুলান না হওয়ায় নানাবিধ জটিলতার সম্মুখীন হতে হয়। বিধায়, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর-এর পুলিশ কমিশনারের কার্যালয়ের স্থায়ী স্থাপনা নির্মাণের নিমিত্ত রংপুর জেলার সদর উপজেলাধীন জেএল নং-৯৫ গণেশপুর মৌজায় সর্বমোট ১.০০ (একশ শতক) একর ব্যক্তি মালিকানাধীন জমি বাংলাদেশ পুলিশের অনুকূলে অধিগ্রহণের নিমিত্তে এলএ কেস নং- ০৩/২০২১-২০২২ সৃজিত হয়। এলএ কেস মূলে জমি অধিগ্রহণ বাবদ প্রাক্কলিত অর্থ ১৪,১৯,১০,২৪১.৪০/- (চৌদ্দ কোটি উনিশ লক্ষ দশ হাজার দুইশত একচল্লিশ টাকা চল্লিশ পয়সা) অধিগ্রহণ খাতে অর্থ স্থগিত হওয়ায় ১২০ কার্যদিবসের মধ্যে অর্থ জমা প্রদান করা সম্ভব হয়নি। বিধায় এলএ কেস ০৩/২০২১-২০২২ এর সকল কার্যক্রম বাতিল এবং গত ২৮/১২/২০২৩ খ্রি. গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। বাংলাদেশ পুলিশ বিভাগের অনুকূলে জমি অধিগ্রহণের নিমিত্তে পুনরায় এলএ কেস সৃজনের মাধ্যমে জেলা প্রশাসক, রংপুর বরাবর স্মারক নং-রংপুর মেট্রো/ইএন্ডডি/১৪১ তারিখ : ২৭/০৫/২০২৪ খ্রি. মূলে পত্র প্রেরণ করা হয়। জমি অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে দ্রুত এলএ কেস সৃজন পূর্বক প্রাক্কলন প্রস্তুত করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে গত ২৮/০৯/২০২৫ খ্রি. যৌথভাবে সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্তে 'অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)' রংপুর মহোদয় সরেজমিনে পরিদর্শন করেন। পরবর্তীতে গত ২৮/০১/২০২৬ খ্রি. প্রস্তাবিত জমি অধিগ্রহণের নিমিত্তে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরে জেলা স্থান নির্বাচন কমিটির সভা অনুষ্ঠিত হয়। অতঃপর ০৪/২০২৫-২০২৬ এল.এ কেস মূলে অধিগ্রহণের জন্য প্রস্তাবিত সম্পত্তির বর্তমান অবস্থা ও প্রকৃতি পর্যালোচনাসহ ভূমিতে বিদ্যমান সকল প্রকার অবকাঠামো, ফসল ও বৃক্ষরাজির স্থির চিত্র ও ভিডিও ধারণ করা হয়েছে। একইসাথে সরেজমিনে প্রাপ্ত তথ্যাদি সম্বলিত একটি বিস্তারিত বিবরণী প্রস্তুতকরণের কাজ শেষ হয়েছে। গত ২১/০৪/২০২৬ খ্রি. প্রস্তাবিত জমির যৌথ তদন্ত ও ফিল্ডবুক প্রস্তুতকরণ সম্পন্ন হয়েছে।<br><br>ক) সভাপতি রংপুর জেলায় ট্রাফিক সমস্যা সমাধানে সভায় আলোচনা করেন।<br><br>সভাপতি পুলিশ কমিশনার কার্যালয়, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি মাহিগঞ্জ থানা ভবন নির্মাণের জন্য নির্বাচিত স্থানে বসবাসরত হরিজন সম্প্রদায়ের লোকজনকে অন্যত্র পুনর্বাসন করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত সকল সরকারি দপ্তরসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করেন। | | |

| ক্রম | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | |
| ৭৮ | **পুলিশ সুপারের কার্যালয়, রংপুর:**<br><br>ক) সভাপতি পুলিশ সুপারের কার্যালয়, রংপুর এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর এবং পুলিশ সুপার, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। পুলিশ সুপারের কার্যালয়, রংপুর এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>২। রংপুর জেলায় অবস্থিত সকল সরকারি দপ্তরসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। আইন-শৃঙ্খলা পরিস্থিতির যেন কোনোভাবেই অবনতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। মিথ্যা গুজব ছড়িয়ে কেউ যেন সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট না করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫। মাদক, জঙ্গিবাদ ও সন্ত্রাস দূর করতে হবে। নিরীহ ধর্মপ্রাণ মানুষ যাতে জঙ্গিবাদে জড়িত না হয় সে জন্য সচেতনতা তৈরির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬। যুবসমাজকে মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ থেকে মুক্ত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৭। বাল্যবিবাহ, ইভটিজিং, খাদ্যে ভেজাল, নকল পণ্য তৈরি ইত্যাদি অপরাধ প্রতিরোধে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করতে হবে। | ১। পুলিশ সুপার রংপুর<br><br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর |

## ০৮. বিবিধ সিদ্ধান্তসমূহ:

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত / বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি: সকল উপজেলায় চালুকৃত UDC এর আয়ের তথ্য আপলোড এবং জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণ | রংপুর জেলায় মোট UDC এর সংখ্যা ৭৬টি। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর নিয়মিতভাবে কেন্দ্রগুলো তদারকি করছেন। জুলাই ২০২৬ মাসে UDC এর মাধ্যমে সেবা গ্রহীতার সংখ্যা ১৮৫৯৯ জন এবং আয়ের পরিমাণ ৫,৪১,৯৩১/- (পাঁচ লক্ষ একচল্লিশ হাজার নয়শত একত্রিশ) টাকা। রংপুর ওয়েব পোর্টাল www.rangpur.gov.bd এ রংপুর জেলার মোট ৮৬টি দপ্তরের তথ্য রয়েছে। প্রতিটি দপ্তরের হালনাগাদ তথ্য নিয়মিত আপডেট কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রতিটি অফিসের জন্য আলাদা আলাদা URL এবং ইউজার আইডি ও পাসওয়ার্ড আছে যা ব্যবহার করে তথ্য হালনাগাদ করা যাবে। জেলার বিভিন্ন কার্যক্রমে বিভিন্ন দপ্তরের অফিস প্রধানদের সাথে যোগাযোগের জন্য ফোন/মোবাইল নম্বর সংশ্লিষ্ট তথ্য এবং দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ না থাকার কারণে প্রায়ই সেবা প্রত্যাশীদের সমস্যায় পড়তে হয়। এজন্য জেলা ও উপজেলার প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য আপডেট করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর ও সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানগণ-কে সভাপতি অনুরোধ করেন। | ১। (ক) উপজেলা নির্বাহী অফিসারগণ UDC গুলো নিয়মিত পরিদর্শন করবেন।<br>(খ) ওয়েব পোর্টালের তথ্য আপডেট করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর ও সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।<br>২। প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সকল দপ্তরকে সহযোগিতা করবেন। |
| ০২ | ই-পর্চার মাধ্যমে খতিয়ান সরবরাহ | জুলাই ২০২৬ মাসে মোট ২০২৮টি আবেদনের মধ্যে ২০০১টি ভূমি পর্চা/খতিয়ান ই-পর্চার মাধ্যমে বিতরণ করা হয়েছে। অবশিষ্ট ২৭টি ভূমি পর্চা বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর ই-পর্চার মাধ্যমে খতিয়ান প্রদান নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০৩. | আর্থিক অনুদান সংক্রান্ত | ক্যান্সার, লিভার সিরোসিস, প্যারালাইসিস, স্ট্রোক ও বিভিন্ন দুরারোগ্য ব্যাধির চিকিৎসার জন্য সরকারি আর্থিক সাহায্যের আবেদন অনলাইনের মাধ্যমে জেলা ও উপজেলায় করা যাবে এবং জেলাতে অনুমোদন হবে।<br><br>সভাপতি, ক্যান্সার, লিভার সিরোসিস, প্যারালাইসিস, স্ট্রোক ও বিভিন্ন দুরারোগ্য ব্যাধির চিকিৎসার জন্য সরকারি আর্থিক সাহায্যের আবেদন বিষয়ে প্রচার/প্রচারণা করতে ও স্থিরচিত্র প্রেরণ করতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর ও পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর<br>২। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রংপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। প্রচার/প্রচারণার ছবি প্রেরণ করতে হবে। |

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত / বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৪. | ধূমপানমুক্তকরণ | সভাপতি জেলার বিভিন্ন দপ্তরের চত্বর ধূমপানমুক্ত রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। দপ্তরের প্রধানগণ-কে স্ব-স্ব দপ্তর ও দর্শণার্থীদের বসার জায়গা পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণের জন্য এবং সকল দপ্তরে "No Smoking Zone" বা "ধূমপানমুক্ত এলাকা" সম্বলিত বোর্ড স্থাপন করত: সাইনবোর্ডের ছবি প্রেরণ করতে সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। | ১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন।<br>২। সাইনবোর্ডের ছবি প্রেরণ করতে হবে। |
| ০৫. | ভূমি উন্নয়ন কর প্রদান | সভাপতি রংপুর জেলায় অবস্থিত বিভিন্ন দপ্তর এবং তাঁর অধীন সকল অফিসসমূহের ভূমি উন্নয়ন কর পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | সকল দপ্তর প্রধান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। |
| ০৬. | ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি সমুন্নত রাখতে নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত | কৃষি বাংলাদেশের অর্থনীতির প্রধান চালিকাশক্তি। চলতি বৈশ্বিক মহামারী এবং ইউক্রেন রাশিয়া যুদ্ধের নানামুখী অভিঘাত সত্বেও কৃষি ক্ষেত্রে উৎপাদনশীলতা অব্যাহত রয়েছে। ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি সমুন্নত রাখার মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুরসহ সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। |
| ০৭. | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত | জন্মের ৪৫ দিনের মধ্যে আবশ্যিকভাবে জন্ম নিবন্ধন করার জন্য একই সাথে মৃত্যুসনদ নিবন্ধন করার জন্য সভাপতি সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। একটি শিশুও যেন জন্ম নিবন্ধনের বাইরে না থাকে এটি নিশ্চিত করতে সকল-কে অনুরোধ জানান। সভায় উপস্থিত সকল দপ্তর প্রধান বিশেষ করে যে সকল দপ্তর সরাসরি সেবামূলক কার্যক্রমের সাথে সম্পৃক্ত তাদেরকে জন্ম নিবন্ধন করার বিষয়ে প্রচার/প্রচারণা চালানোর জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | সকল দপ্তর প্রধান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। |
| | | সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ রংপুর-কে নিম্নবর্ণিত পদ্ধতি অবলম্বন করে তাঁর উপজেলায় জন্ম নিবন্ধন এবং মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন:<br>১। উপজেলা স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনার মাঠ পর্যায়ের কর্মচারীদের কাছ থেকে প্রতিমাসে ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক গর্ভবতী মায়েদের তালিকা সংগ্রহ করা হয়। এরপর প্রতিটি ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ ওয়ার্ডভিত্তিক সেই তালিকা নিয়ে প্রত্যেকের বাড়িতে গিয়ে তথ্য সংগ্রহ করে ইউনিয়ন পরিষদে জমা দেন এবং উদ্যোক্তাগণ নিবন্ধন সম্পন্ন করেন।<br>২। প্রতিদিন কয়টা জন্ম নিবন্ধন এবং মৃত্যু নিবন্ধন সম্পন্ন হলো এই তথ্য প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে প্রত্যেক সপ্তাহের বৃহস্পতিবার উপজেলা অফিস থেকে সংগ্রহ করা হয় এবং কোন ইউনিয়ন পরিষদে সাপ্তাহিক লক্ষ্যমাত্রার চেয়ে কম হলে সেই ইউনিয়ন পরিষদে লক্ষ্যমাত্রা পুরণ করার জন্য জানানো হয়।<br>৩। প্রচার প্রচারণা, মাইকিং নিয়মিত করা হয় এবং ইউনিয়ন পরিষদ পরিদর্শনের সময় এই বিষয়টি সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়।<br>৪। যারা পরপর তিন মাস ভালো করে সেই ইউনিয়নের গ্রাম পুলিশ থেকে শুরু করে ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা এবং মেম্বারকে পুরস্কার দেওয়া হয়।<br>সভাপতি উল্লিখিত পদ্ধতি অবলম্বেনে জন্মনিবন্ধন এবং মৃত্যুনিবন্ধন সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর। |
| ০৮. | বালু উত্তোলন বন্ধে মোবাইল কোর্ট সংক্রান্ত | যে সকল জায়গায় বালু উত্তোলন করা হচ্ছে সে জায়গাগুলোতে মোবাইল কোর্টের অভিযান (প্রয়োজনে রাতের বেলা) আকস্মিক পরিচালনাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুরসহ সংশ্লিষ্ট সকলকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুরসহ সংশ্লিষ্ট সকলেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত / বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৯. | জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অনুপস্থিত থাকা সংক্রান্ত: | সভাপতি জানান, জেলা উন্নয়ন সমন্বয় সভাটি জেলার অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সভা। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে জেলা উন্নয়ন সমন্বয় সভায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে সরকারি বিভিন্ন দপ্তরের অফিস প্রধানগণ উপস্থিত থাকার কথা থাকলেও তারা নিজে না এসে প্রতিনিধি প্রেরণ করেন। কিন্তু যাকে প্রতিনিধিত্ব করার জন্য সভায় প্রেরণ করা হয় তারা জনগুরুত্বপূর্ণ বিষয়গুলি সম্বন্ধে সভাকে অবহিত করতে পারেন না। এতে সরকারি স্বার্থ সংশ্লিষ্ট সিদ্ধান্ত গ্রহণে ব্যাঘাত সৃষ্টি হয়। এই বিষয়ে সকল দপ্তর প্রধানগণকে সচেতন থাকতে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। যদি অফিস প্রধানগণ নির্ধারিত সভার দিন কোন জনগুরুত্বপূর্ণ অফিশিয়াল কার্যক্রম/প্রশিক্ষণে থাকেন তবে সভার পুর্বেই সংশ্লিষ্ট চিঠিসহ সভাপতিকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। |
| ১০. | সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির মাধ্যমে সেবা গ্রহীতার তালিকা প্রেরণ সংক্রান্ত: | রংপুর জেলায় তাঁর দপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির মাধ্যমে সেবা গ্রহীতার তালিকা এর হার্ড কপি এ কার্যালয়ে এবং সফট কপি ওয়ার্ডে (নিকস ফন্টে) টাইপ করে rangensec@gmail.com ই-মেইলে প্রেরণ নিশ্চিতের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। |
| ১১. | ডেঙ্গু জ্বর প্রতিরোধ | সভাপতি ডেঙ্গু জ্বর প্রতিরোধে এডিস মশার প্রজনন বা বিস্তার রোধে রংপুর জেলায় অবস্থিত সকল সরকারি দপ্তর/অফিসসমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সংশ্লিষ্ট সকল-কে নির্দেশনা প্রদান করেন। | সকল দপ্তর প্রধানগণ। |
| ১২. | উপজেলাভিত্তিক দাপ্তরিক তথ্য হালনাগাদকরণ | রংপুর জেলার সকল দপ্তরসমূহের উপজেলাভিত্তিক তথ্য হালনাগাদের বিষয়ে জেলার সকল সরকারি দপ্তর প্রধানগণকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | সকল দপ্তর প্রধানগণ। |
| ১৩. | এসডিজি বাস্তবায়ন | এসডিজি বাস্তবায়নের জন্য তথ্য ভিত্তিক পরিকল্পনা গ্রহণ করতে এবং নিজ নিজ দপ্তর সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রার ক্ষেত্রে রংপুর জেলার বর্তমান অবস্থা এবং তার দপ্তরের পরিকল্পনা আগামী সভায় অবহিত করার জন্য সভাপতি জেলার সকল সরকারি দপ্তর প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন। | আগামী সভায় জেলার সকল দপ্তরসমূহ নিজ নিজ দপ্তর সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রার ক্ষেত্রে রংপুর জেলার বর্তমান অবস্থা এবং তাঁর দপ্তরের পরিকল্পনা অবহিত করবেন। |

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ রুহুল আমিন)
জেলা প্রশাসক, রংপুর
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, রংপুর
ফোন : ০২৫৮৯৯৬১০৪১ (অফিস)
ই-মেইল: dcrangpur@mopa.gov.bd

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
উন্নয়ন শাখা
www.rangpur.gov.bd

স্মারক নম্বর-০৫.৫৫.৮৫০০.০০০.০৩০.০১.০০০৫.২৬. ১০৬

তারিখ : ০৪ ভাদ্র ১৪৩৩ / ১৯ আগস্ট ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। মাননীয় সংসদ সদস্য, রংপুর-৬
২। মাননীয় সংসদ সদস্য, রংপুর-৫
৩। মাননীয় সংসদ সদস্য, রংপুর-৪
৪। মাননীয় সংসদ সদস্য, রংপুর-৩
৫। মাননীয় সংসদ সদস্য, রংপুর-২
৬। মাননীয় সংসদ সদস্য, রংপুর-১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর।
৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রংপুর; জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর ওয়েসাইটে প্রকাশের অনুরোধসহ।
৭। জনাব,.......................................

.........................................., রংপুর।

মোছাঃ রোকসানা বেগম
অতিরিক্ত জেলা প্রশাসক
(উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)
রংপুর
ই-মেইল: rangensec@gmail.com